ডব্লিউডি-৭০	গোপালগঞ্জ, সিলেট এ সকল অঙ্গসহ ফায়ার স্টেশন নির্মাণ কাজ	নং	১	ওটিএম		জিওবি	২০০.৪৭	প্রযোজ্য নয়	জুলাই, ২০০৬	জুন, ২০১৮
ডব্লিউডি-৭১	বাগমারা, রাজশাহী এ সকল অঙ্গসহ ফায়ার স্টেশন নির্মাণ কাজ	নং	১	ওটিএম		জিওবি	১৫৮.৯২	প্রযোজ্য নয়	জুলাই, ২০০৬	জুন, ২০১৮
ডব্লিউডি-৭২	চিলাহাটি, নীলফামারী এ সকল অঙ্গসহ ফায়ার স্টেশন নির্মাণ কাজ	নং	১	ওটিএম		জিওবি	৩১৫.০৯	প্রযোজ্য নয়	জুলাই, ২০০৬	জুন, ২০১৮
						পূর্ত কাজের মোট মূল্য	**১১৭০৮.২৮**			

তথ্যসূত্র: আরডিপিপি, মার্চ, ২০১৮

১.১০. লজিক্যাল ফ্রেমওয়ার্ক

সংক্ষিপ্ত বর্ণনা	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক		যাচাইয়ের মাধ্যম	গুরুত্বপূর্ণ অনুমান
লক্ষ্য: দেশের প্রত্যেক নাগরিক এর জন্য ফায়ার সার্ভিস ও সিভিল নিশ্চিত করা।	দুর্যোগের সাথে সাথে সাড়া দেয়া (প্রাকৃতিক ও মানুষ সৃষ্ট দুর্যোগ)		• বিবিএস এর রেকর্ড; • স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রেকর্ড; • এফএসসিডির রেকর্ড	
উদ্দেশ্য: - জনগণের দোর গোড়ায় সেবা পৌঁছে দেয়া।	স্টেশন স্থাপন এবং সেবার প্রাপ্যতা নিশ্চিত করা (ভৌত অবকাঠামো, সরঞ্জামাদি, লজিস্টক)		• স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রেকর্ড • এফএসসিডি'র রেকর্ড • সংবাদপত্রের রিপোর্ট • পিডি'র রেকর্ড • পিডব্লিউডির রেকর্ড	• সময়মত সুবিধাদি সৃষ্টি করা • সময়মত জনবল নিয়োগ দেয়া। • মন্ত্রণালয় ও সংস্থাসমূহের নিরবচ্ছিন্ন প্রতিশ্রুতি ও সহযোগিতা • সরকারের নীতি অপরিবর্তিত থাকা
আউটপুট: • নির্ধারিত এলাকায় পূর্ণাঙ্গ এফএসডি স্টেশন স্থাপন	জুন ২০১৮ এর মধ্যে দেশের গুরুত্বপূর্ণ ৭৮টি (সংশোধিত ৭২টি) উপজেলা সদর /স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত) যার মধ্যে নিম্নবর্ণিত আইটেমসমূহ আছে: ব্যারাকসহ অফিস ভবন আবাসিক ভবন অগ্নি নির্বাপক অফিস সরঞ্জামাদি বেতার সরঞ্জামাদি আসবাবপত্র, তৈজসপত্র		• স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রেকর্ড; • এফএসসিডি'র রেকর্ড; • পিডি'র রেকর্ড; • পিডব্লিউডির রেকর্ড।	ভৌত অবকাঠামো নির্মাণ, সরঞ্জামাদি, যানবাহন সংগ্রহের দায়িত্ব প্রাপ্ত মন্ত্রণালয় ও সংস্থাসমূহের সময়োপযোগী সহায়তা; প্রকল্পের নিরবচ্ছিন্ন বাস্তবায়ন।
ইনপুট: - নির্মাণ সামগ্রী; - শ্রমিক; -মেসিনারী এবং যন্ত্রপাতি; - সম্পদ সরবরাহ।	১. বেতন ভাতাদি ফুয়েল ও লুব্রিকেন্ট, পাওয়ার ফুয়েল গাড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণ, গাড়ি রেজিস্ট্রেশন, সম্মানি, খেলাধুলার সরঞ্জাম, টেলিফোন/ফ্যাক্স, টিএ-ডিএ, ইনস্যুরেন্স, সিএন্ডএফ এবং স্থানীয় এজেন্ট চার্জ/কমিশন, বিজ্ঞাপন এবং অন্যান্য ২. ক) কাঠামো নক্সা, ডিপিপি, দরপত্র ইত্যাদি ছাপা ও বাঁধাই করা, স্টেশনারি দ্রব্যাদি ক্রয় ইত্যাদি খ) স্থাপত্য অধিদপ্তরের জন্য স্থাপত্য নক্সা ছাপা ও বাঁধাই করা, স্টেশনারী দ্রব্যাদি ক্রয় ইত্যাদি গ) এফএসসিডির জন্য স্টেশনারী দ্রব্যাদি ৩. মাটি পরীক্ষা এবং ম্যাটেরিয়াল পরীক্ষা ৪. দপ্তর ভবন	১০০.২৬ ৯৯.৩৩ ৫.০০ ২.০০ ৮.৯১ ১১.৬০	• স্টেশন এলাকা যাচাই করা; • পিডব্লিউডির রেকর্ড • (এস্টিমেট, দরপত্র ইত্যাদি); • এফএসসিডি'র রেকর্ড; • অর্থ ব্যবহারের রেকর্ড; • অগ্রগতি পর্যালোচনা সভা।	যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ডকুমেন্ট ইত্যাদি সময়মত অনুমোদন (এস্টিমেট, দরপত্র, ক্রয়াদেশ ইত্যাদি) নির্ধারিত সময়ে সম্পদ সরবরাহ। নির্মাণ সামগ্রীর দর স্থিতিশীল থাকা সরঞ্জামাদির দর স্থিতিশীল থাকা

সংক্ষিপ্ত বর্ণনা	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক		যাচাইয়ের মাধ্যম	গুরুত্বপূর্ণ অনুমান
	ক) স্টেশন অফিসের বাসভবন, ব্যারাকসহ মূল ভবন	৬৩৭২.৬০		
	খ) খাবার ঘরসহ রান্না ঘর	৫২৯.০১		
	গ) অভ্যন্তরীণ পয়ঃনিষ্কাশন ও পানি সরবরাহ	৩৮২.২৬		
	ঘ) বহিঃস্থ পয়ঃনিষ্কাশন ও পানি সরবরাহ	৭৯২.১৬		
	ঙ) অভ্যন্তরীণ বিদ্যুৎ	৪৫৩.৭৬		
	চ) বহিঃবিদ্যুৎ	৬২৭.৯১		
	ছ) গ্যাস সংযোগ	২৫.৪৪		
	৫. অন্যান্য ভবন ও অবকাঠামো			
	ক) রাস্তা	৬৮০.৮৫		
	খ) ড্রেন	১৪৪.৫১		
	গ) সীমানা প্রাচীর	১২৯৯.৩৩		
	ঘ) ফ্ল্যাগ স্ট্যান্ড	৩৮.১৪		
	ঙ) জ্বালানি সেড	১৩৭.৮৮		
	৬. জমির মূল্য	১৩৫৬.৯৪		
	৭. ভূমি উন্নয়ন	৪২৯.৮৬		
	৮. ট্রান্সপোর্টে ও ভেহিকেল			
	ক) মটরসাইকেল ৩টি (১টি পিডব্লিউডি, ১টি এফএসসিডি, ১টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়)	১.২৬		
	খ) গাড়ি ভাড়া	৫.৯৯		
	৯. আরবরিকালচার	১২.৮৪		
	১০. বিবিধ ব্যয় (কন্টিনজেন্সি)	১২১.২১		
	১১. আসবাবপত্র	৩৯৬.৯৯		
	১২. ক) ওয়ারলেস টাওয়ার এবং ইকুপমেন্ট	১০০.৬২		
	খ) টেলিফোন	০.০০		
	১৩. অগ্নি নিরোধক যন্ত্রপাতি	১১০৮৪.২৬		
	১৪. পিডব্লিউডি ও এফএসসিডি'র জন্য এক্সেসরিজসহ কম্পিউটার, ফটোকপিয়ার, ফ্যাক্স ইত্যাদি	০.৯৩		
	১৫. সিডি ভ্যাট এবং অন্যান্য	৫০০.০০		
	১৬. গ) ফিজিক্যাল কনটিনজেন্সি	০.০০		
	১৭. ঘ) প্রাইস কনটিনজেন্সি	০.০০		

তথ্যসূত্র: আরডিপিপি, মার্চ, ২০১৮

১.১১ টেকসইকরণ পরিকল্পনা

ডিপিপি অনুযায়ী প্রকল্প সমাপ্তের পর সব কার্যক্রম রাজস্বের অধীনে বাস্তবায়ন হবে।

দ্বিতীয় অধ্যায়

প্রভাব মূল্যায়ন কার্যত্রমের কার্যপদ্ধতি (Methodology)

২.১. পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপদ্ধতি (ToR)

সমীক্ষার নকশা ও মাঠ পর্যায়ের কাজের পরিকল্পনা নিচের উল্লেখকৃত কাজের পরিধির উপর ভিত্তি করে প্রকল্পের অঙ্গসমূহকে বিবেচনায় রেখে করা হয়েছে:

১। প্রকল্পের সকল প্রশাসনিক বিভাগ এবং জেলা ও উপজেলা ন্যূনতম ৩০% এলাকা'র কার্যক্রম প্রভাব মূল্যায়ন সমীক্ষার আওতাভুক্ত করতে হবে;

২। প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা;

৩। প্রকল্পের অর্থবছর ভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং সার্বিক ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৪। ডিপিপি ও লগ ফ্রেমের আলোকে output, outcome ও impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৫। প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬। প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৭। প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেজলাইন সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা করা;

৯। প্রকল্পের BCR ও IRR অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০। প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১১। প্রকল্পের কার্যক্রমের উপর কেস স্টাডি উল্লেখ করা;

১২। প্রকল্পের কোনো উদ্দেশ্য অসম্পূর্ণ থাকলে তার কারণ পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১৩। প্রকল্প দলিল অনুযায়ী প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্পের পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১৪। প্রকল্পের অডিট কার্যক্রম পর্যালোচনা ও পর্যবেক্ষণ (ইন্টারনাল অডিট, এক্সটারনাল অডিট, অডিট আপত্তি সংক্রান্ত যেমন: কতটি অডিট ও কত টাকার ইত্যাদি);

১৫। প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি: (i) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা; (ii) মাঠ পর্যায় হতে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ; (ii) Focus Group Discussion (FGD) এবং KII আয়োজন; (iv) বিভিন্ন তথ্য-উপাত্তের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ করা; (v) স্থানীয় পর্যায়ে ও জাতীয় কর্মশালায় আয়োজন করা; এবং (vi) সকল মতামত সন্নিবেশপূর্বক চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

১৬। এ অর্থবছরের জন্য নির্বাচিতব্য প্রতিষ্ঠানসমূহ যে সব FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করবেন তার একটি ভিডিও (ন্যূনতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডি'তে দাখিল করতে হবে;

১৭। প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্ট সুবিধাদি, সৃষ্ট সুবিধাদি টেকসইবিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT Analysis;

১৮। প্রকল্পের আওতায় গৃহীত কর্মকান্ড ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন নীতিমালা ২০২১-এর আলোকে পর্যবেক্ষণ ও পর্যালোচনা।

১৯। উল্লিখিত পর্যালোচনার ভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ

২০। প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন এবং

২১। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

২.২ প্রভাব মূল্যায়নের সূত্র

Before	**Program**	**After**
(No Evaluation before the project)		Completion of the Program
X1-		**X2**

Impact = $x_2 - x_1$

২.৩. এলাকা নির্বাচন

নমুনা উপকারভোগীর সংখ্যা সংশ্লিষ্ট উপজেলায় নমুনা ফায়ার স্টেশনের আনুপাতিক হারে বিতরণ করা হয়।

ni=n NiN **for** i= **01,02 ……14.**

Where Ni is the Population (total number of populations by union) in the ith union, n is the total sample size, *ni* is the ith sample size of the ith union and N is the total size of the population.

সারণি ২.১: প্রকল্প এলাকায় নমুনা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের সংখ্যা

বিভাগ	ফায়ার স্টেশনের সংখ্যা	নমুনা ফায়ার স্টেশনের সংখ্যা
খুলনা	৬	২
চট্টগ্রাম	১৫	৫
ঢাকা	১৪	৩
ময়মনসিংহ	৬	২
বরিশাল	৫	২
রংপুর	৮	২
রাজশাহী	১৪	৪
সিলেট	৪	২
মোট	**৭২**	**২২**

বি. দ্র. প্রকল্পের আওতায় মোট ৭২টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ করা হয়েছে। সুতরাং ToR অনুযায়ী এই ৭২টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন হতে ৩০% ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নমুনা হিসেবে এই প্রভাব মূল্যায়ন সমীক্ষায় ধরা হয়েছে।

শিল্পকারখানা, ব্যবসা বাণিজ্য, ঘনবসতি বেশি এসব বিষয় বিবেচনায় রেখে ২২টি উপজেলা নির্বাচন করা হয়েছে। প্রকল্প উপকারভোগী নমুনা সংখ্যা ৫৫০ জনকে ২২টি উপজেলায় আনুপাতিক হারের ভিত্তিতে নমুনা এলাকায় উপকারভোগীর সংখ্যা নির্ধারণ করা হয়। প্রকল্পের বেসলাইন তথ্য না থাকায়, প্রকল্পের প্রভাব তুলনামূলক বিশ্লেষণের জন্য ফায়ার স্টেশনবিহীন এলাকা হতে কন্ট্রোল গ্রুপ নমুনা নেয়া হয়েছে। নমুনা প্রকল্প এলাকার নমুনা নির্ধারণের পর প্রত্যেকটি নমুনা এলাকা থেকে বিভিন্ন ধরনের ব্যক্তি Convenience Sampling এর ভিত্তিতে নির্বাচন করা হয়েছে।

২.৪. নমুনা পদ্ধতি ও আকার নির্ধারণ

বর্তমান প্রভাব মূল্যায়ন সমীক্ষায় তথ্য সংগ্রহের জন্য দুই ধরনের নমুনা সংগ্রহ পদ্ধতি যথা গুণগত (Qualitative) পদ্ধতি ও সংখ্যাগত (Quantitative) পদ্ধতি ব্যবহৃত হয়েছে, যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো:

ক) সংখ্যাগত বিশ্লেষণ

সরাসরি সাক্ষাৎকার

প্রকল্প এলাকায় বসবাসরত উপকারভোগী এবং স্থানীয় জনসাধারণের নিকট হতে কাঠামোগত প্রশ্নাবলির মাধ্যমে প্রকল্পের কার্যক্রম ও এর প্রভাব সম্পর্কিত তথ্যাদি সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে।

নমুনা সংখ্যা নির্ধারণ

প্রভাব মূলায়ন সমীক্ষাটি বস্তুনিষ্ঠভাবে সম্পন্ন করার জন্য নিম্নলিখিত পদ্ধতিতে উপকারভোগী এবং স্থানীয় জনসাধারণের নমুনা সংখ্যা নির্ধারণ করার পরিকল্পনা গ্রহণ করে। নিম্নের পরিসংখ্যানের সূত্র ব্যবহার করে নমুনা সংখ্যা নির্ধারণ করা হয়েছে:

নমুনা সংখ্যা নির্ণয়ের সূত্র

প্রভাব মূল্যায়ন সমীক্ষার জন্য নিম্নের সূত্রটি ব্যবহার করা হয়েছে (Cochran, 1993)[1]

$$n = \frac{z^2\, pq}{d^2} \text{ x } deff$$

যেখানে,

n =নমুনা সংখ্যা

z = নমুনার সংখ্যা নির্ধারণের জন্য Standardized Normal Deviate এর মান সাধারণত ১.৯৬ ব্যবহার করা হয় । এর সাথে ৯৫% কনফিডেন্স ইন্টারভাল ব্যবহার করা হয়েছে যেখানে Level of Significance-=5%

p = ফায়ার সার্ভিস ও ফায়ার ডিফেন্স, বাংলাদেশ ২০২২ সালের বাৎসরিক পরিসংখ্যান থেকে দেখা যায় যে, ৩৮.৪৮% বৈদুতিক গোলোযোগের কারণে দুঘটর্না হয় ।

সুতরাং p=০.৩৮৪৮, q= ১-০.৩৮৪৮ = ০.৬১৫২

d= নমুনা আকার নির্ণয়ের Allowable margin of error। প্রচলিতভাবে, ৫% Allowable margin of error ব্যবহার হয়ে থাকে। তবে p এর মান কম বেশির উপরে Allowable margin of error হ্রাস বৃদ্ধি হতে পারে। এই সমীক্ষার জন্য ৫% নেওয়া হয়েছে। সুতরাং d= ০.০৫.

Deff = Design Effect = ১.৫

উপরের সূত্র ব্যবহার করে, নমুনার সংখ্যা নিম্নলিখিত হিসাবে পাওয়া:

n= [(১.৯৬)^{২} x (০.৩৮৪৮) (০.৬১৫) / (০.০৫)^{২}] **x** ১.৫

n = ৩৬৩.৭৬৭২ **x** ১.৫= ৫৪৫.৬৫০৮ ~ ৫৫০ জন.

সুতরাং, সম্পূর্ণ সংখ্যায় *n* = ৫৫০ জন উত্তরদাতা।

1 Cochran, W. G. 1963. Sampling Techniques, 2nd Ed., New York: John Wiley and Sons, Inc.

নমুনা প্রকল্প এলাকার অনুযায়ী প্রত্যেকটি নমুনা এলাকা থেকে বিভিন্ন ধরনের ব্যক্তি Convenience Sampling এর ভিত্তিতে নির্বাচন করা হয়েছে। নিম্নে প্রকল্প উত্তরদাতাদের নমুনা নির্বাচন ও বিতরণের সার-সংক্ষেপ প্রদত্ত করা হলো:

সারণি ২.২: প্রকল্প এলাকার নমুনা উপজেলার তালিকা

প্রকল্প এলাকার নমুনা						কন্ট্রোল গ্রুপ এলাকার (ফায়ার স্টেশনবিহীন উপজেলা) তালিকা	
ক্রমিক	**বিভাগ**	**জেলা**	**ফায়ার স্টেশনের নাম**	**খানার সংখ্যা**	**নমুনা এলাকায় উত্তরদাতার সংখ্যা**	**উপজেলার নাম**	**নমুনা এলাকায় উত্তরদাতার সংখ্যা**
১	খুলনা	খুলনা	খালিশপুর	৩৯৫৬৬	২১	পাইকগাছা	১৯
২		কুষ্টিয়া	খোকসা	৩২১১০	১৭	দৌলতপুর	
খুলনা বিভাগে মোট উত্তরদাতার সংখ্যা					**৩৮**		**১৯**
৩	চট্টগ্রাম	ফেনী	ফুলগাজি	২৩৪৯৪	১৩	দাগনভূইয়া	৫৭
৪		খাগড়াছড়ি	দিঘীনালা	৪৬০৪৪	২৫	মানিকছড়ি	
৫		কুমিল্লা	চৌয়ারাবাজার	৮৫০৯০	৪৬	কুমিল্লা আদর্শ সদর	
৬		কক্সবাজার	পেকুয়া	৩১৯৪৪	১৭	ইদগাঁও	
৭		বান্দরবান	লামা	২২৪৪৭	১২	নাইক্ষ্যংছড়ি	
চট্টগ্রাম বিভাগে মোট উত্তরদাতার সংখ্যা					**১১৩**		**৫৭**
৮	ঢাকা	গাজীপুর	কালিগঞ্জ	৫৭৭৭০	৩১		৩৭
৯		ঢাকা	হাজারীবাগ	৪৩৭৪০	২৪	নবাবগঞ্জ	
১০		মুন্সিগঞ্জ	গজারিয়া	৩৪৭৬০	১৯		
ঢাকা বিভাগে মোট উত্তরদাতার সংখ্যা					**৭৪**		**৩৭**
১১	ময়মনসিংহ	নেত্রকোনা	দুর্গাপুর	৪৪৩৮৫	২৪		৩২
১২		ময়মনসিংহ	হালুয়াঘাট	৬৯৭২৫	৩৮	তারাকান্দা	
ময়মনসিংহ বিভাগে মোট উত্তরদাতার সংখ্যা					**৬২**		**৩১**
১৩	বরিশাল	বরিশাল	বরিশাল (দক্ষিণ)	৩৯৭৭৪	২২	আগৈলঝাড়া	২১
১৪		পটুয়াখালী	মির্জাগঞ্জ	৩৪৬৭০	১৯	দুমকি	
বরিশাল বিভাগে মোট উত্তরদাতার সংখ্যা					**৪১**		**২১**
১৫	রংপুর	দিনাজপুর	হিলি স্থলবন্দর	২২৮৯৫	১২		১৫
১৬		কুড়িগ্রাম	চিলমারী	৩০৯৬৬	১৭	ভুরুঙ্গামারি	
রংপুর বিভাগে মোট উত্তরদাতার সংখ্যা					**২৯**		**১৫**
১৭	রাজশাহী	রাজশাহী	নওহাটা	২০৯৯৮	১১		৭০
১৮		বগুড়া	গাবতলী	৮৩৪১১	৪৫		
১৯		নওগাঁ	মান্দা	৯৭১৪৫	৫৩	চৌহালী-সিরাজগঞ্জ	
২০		পাবনা	সুজানগর	৬৩৬৭৬	৩৪	ভাংগুরা	
রাজশাহী বিভাগে মোট উত্তরদাতার সংখ্যা					**১৪৩**		**৭০**

প্রকল্প এলাকার নমুনা						কন্ট্রোল গ্রুপ এলাকার (ফায়ার স্টেশনবিহীন উপজেলা) তালিকা	
ক্রমিক	বিভাগ	জেলা	ফায়ার স্টেশনের নাম	খানার সংখ্যা	নমুনা এলাকায় উত্তরদাতার সংখ্যা	উপজেলার নাম	নমুনা এলাকায় উত্তরদাতার সংখ্যা
২১	সিলেট	সিলেট	গোলাপগঞ্জ	৫০৪৬৫	২৭	বালাগঞ্জ	২৫
২২		হবিগঞ্জ	শায়েস্তাগঞ্জ	৪১৭০৫	২৩	আজমিরীগঞ্জ	
রাজশাহী বিভাগে মোট উত্তরদাতার সংখ্যা					**৫০**		**২৫**
সর্বমোট					**৫৫০**		**২৭৫**

খ) গুণগত বিশ্লেষণ

প্রভাব মূল্যায়ন সমীক্ষায় নিম্নোক্ত উপাত্ত সংগ্রহ করা হয়েছে:

সেকেন্ডারি ডকুমেন্ট পর্যালোচনা ও বিশ্লেষণ

- সেকেন্ডারি ডকুমেন্ট থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়েছে। পরামর্শক দল বাস্তবায়নকারী সংস্থা যথা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন এর বিভিন্ন কর্মকর্তার সহযোগিতার মাধ্যমে কার্য সম্পাদন করেছেন।
- পরামর্শক প্রকল্পের বাস্তব এবং আর্থিক অর্জনসমূহ পর্যালোচনা করেছেন। বাস্তবায়িত প্রকল্পের আর্থিক অগ্রগতি যেমনঃ
  - ক) বছর অনুযায়ী প্রকল্পের বিভিন্ন অঙ্গের মূল ও প্রকৃত খরচের তুলনা
  - খ) অঙ্গ অনুযায়ী বাস্তবায়িত প্রকল্পের ব্যয়
  - গ) কার্য সম্পাদন ব্যয়
- মালামাল, নির্মাণ সামগ্রী ও সেবা ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা করা হয়েছে।

ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) : গুণগত বিশ্লেষণের জন্য নমুনা প্রকল্প এলাকায় মোট ১৬টি এফজিডি (FGD), যার মধ্যে প্রতিটি বিভাগ থেকে ২টি করে FGD করা হয়েছে। প্রত্যেক FGD-তে ন্যূনতম ১০ জন অংশগ্রহণকারী এবং সমজাতীয় ব্যক্তিবর্গের সমন্বয়ে (ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন-এর কর্তব্যরত ব্যক্তিবর্গ এরং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন-এর আশেপাশে বসবাসকারী ব্যক্তিবর্গ, শিল্প প্রতিষ্ঠান, শিল্পপতি, স্কুল শিক্ষক, হাটবাজারের সভাপতি, গুরুত্বপূর্ণ দপ্তর প্রধান, জনপ্রতিনিধি) এফজিডি (FGD) করা হয়েছে। এফজিডি উত্তরদাতাদের কাছ থেকে এফজিডি গাইডলাইনস-এর মাধ্যমে প্রকল্পের কর্মকান্ড ও এর প্রভাব সংশ্লিষ্ট বিভিন্ন গুণগত তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রতিটি FGD প্রকল্প এলাকার এমন একটি জায়গায় করা হয়েছিল যাতে অংশগ্রহণকারী উক্ত স্থানে সহজে আসতে পারে এবং অবাধে মতামত প্রদান করতে পারে। এফজিডি উত্তরদাতাদের ছবি অডিও ও ভিডিও উভয়ভাবে ধারণ করাসহ সর্বমোট ১৬টি FGD করার ফলে প্রায় ১৬০ জন অংশগ্রহণকারী মতামত দিতে পেরেছিলেন। এফজিডিগুলো এজিডি গাইডলাইন **(পরিশিষ্ট-৩)** অনুসারে পরিচালিত করা হয়েছিল।

মুখ্য ব্যক্তিবর্গের সাক্ষাৎকার (KII)ঃ KII এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের সাথে সাথে সম্পৃক্ত মুখ্য ব্যক্তিবর্গ তথা প্রকল্প অফিস (১টি), গণপূর্ত অধিদপ্তর-এর জেলা পর্যায়ের সম্পৃক্ত কর্মকর্তা (২২টি) এবং উপজেলা পর্যায়ের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন এর স্থানীয় পর্যায়ের কর্মকর্তা (২২টি) KII সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের মুখ্য ব্যক্তিবর্গের সাথে KII পরিচালনা করার জন্য একটি KII checklist ব্যবহার করাসহ KII গুলোতে অংশগ্রহণকারীদের সাক্ষাৎকার গ্রহণকালে প্রকল্পের পরিকল্পনা, উদ্দেশ্য অনুসারে বাস্তবায়ন, অর্জন ও প্রধান প্রধান কর্মকাণ্ডগুলোর বর্তমান কার্যকর অবস্থা; প্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়ন সংক্রান্ত খুঁটিনাটি বিষয়; প্রকল্পের মালামাল, ক্রয় প্রক্রিয়া ও আর্থিক ব্যয়, প্রকল্প বাস্তবায়ন, ব্যবস্থাপনা এবং প্রকল্পের কাজের সবল (Strengths), দুর্বল (Weaknesses), সুযোগ (Opportunities) ও ঝুঁকি (Threats) বিশ্লেষণ এবং প্রকল্প উন্নয়নে সুপারিশসহ খুঁটিনাটি বিষয়গুলো প্রাধান্য ছিল।

কেস স্টাডি: ক্রয় পদ্ধতির বিশ্লেষণের ভিত্তিতে ৮টি বিভাগে ৮টি প্রকিউরমেন্ট প্যাকেজের উপর কেস স্টাডি করা হবে এবং ০৮টি বিভাগে দুর্ঘটনা ঘটেছে এমন এলাকায় দুর্ঘটনাজনিত ০৮টি কেস স্টাডি করা হয়েছে। এক্ষেত্রে উল্লেখ্য যে, কোনো ব্যক্তির নিজস্ব অভিজ্ঞতার আলোকে এই কেস স্টাডি পরিচালনা করা হয় না। এছাড়া যে সব উপজেলায় ফায়ার

সার্ভিস স্টেশন নেই এ রকম ২টি উপজেলা হতে কেস স্টাডি করা হয়েছে। এভাবে মোট ১৮টি কেস স্টাডি সম্পন্ন করা হয়েছে।

বাস্তব অবস্থা পর্যবেক্ষণ ঃ পরামর্শক ও মাঠকর্মী প্রকল্প কার্যক্রম ও বর্তমান অবস্থাসহ স্থাপনা নির্মাণে ভূমিকম্প প্রতিরোধকসহ ডিজাইন অনুযায়ী অবকাঠামো নির্মাণ ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ ঠিক আছে কি না তা সরাসরি পরিদর্শন ও পর্যবেক্ষণ করেছিলেন। প্রকল্পের ভবন ড্রয়িং ও ডিজাইন অনুযায়ী করা হয়েছে কি না তা তাদারকি এবং প্রকল্পের যন্ত্রপাতি সঠিকভাবে ক্রয় করা হয়েছিল কি না তা বিশ্লেষণপূর্বক প্রতিবেদনে উপস্থাপন করেছেন।

SWOT বিশ্লেষণঃ উপকারভোগীর কাছ থেকে সমীক্ষার প্রশ্নাবলির মাধ্যমে প্রকল্পের সবল (Strengths), দুর্বল (Weaknesses), সুযোগ (Opportuinities) ও ঝুঁকি (Threats) বিশ্লেষণের জন্য তথ্য সংগ্রহ করা, তাছাড়া এফজিডি ও কেআইআই এর মাধ্যমেও SWOT বিশ্লেষণ করা। বিভিন্ন প্রশ্নাবলি থেকে প্রাপ্ত তথ্যগুলো সমন্বয় করে এর আলোকে সুপারিশসমূহ প্রণয়ন করে প্রতিবেদনে সংযোজন করা হয়েছে।

সকল প্রকার স্টেকহোল্ডারদের উপস্থিতিতে মাঠ পর্যায়ে কর্মশালা

স্থানীয় পর্যায়ের কর্মশালার জন্য হাজারীবাগ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ঢাকা নির্ধারণ করা হয়েছিল এবং ৩০/০৪/২০২৩ ইং তারিখে তা অনুষ্ঠিত হয়েছিল। আইএমইডি-এর কর্মকর্তাদের সাথে আলোচনা সাপেক্ষে কর্মশালার স্থান চূড়ান্তকরণ করা হয়েছিল। স্টেকহোল্ডারদের মধ্যে কর্মশালায় উপস্থিত ছিলেন প্রকল্প এলাকায় বসবাসকারী সব ধরনের উপকারভোগী জনগণ (মহিলা ও পুরুষ), স্থানীয় পর্যায়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। এছাড়াও আইএমইডির কর্মকর্তাবৃন্দ স্থানীয় পর্যায়ের কর্মশালায় উপস্থিত ছিলেন। স্টেকহোল্ডারদের সাথে যেসব বিষয়বস্তু নিয়ে আলোচনা হয়েছিল সেগুলো নিম্নে উপস্থাপন করা হলো:

- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের কার্যকরী অবস্থা;
- কাজের গুণগত মান:
- প্রাকৃতিক দুর্যোগ হতে প্রতিকারের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে প্রশিক্ষিত জনবল ও যন্ত্রপাতির সংস্থান আছে কি না ইত্যাদি;
- জনগণ এবং সম্পত্তি রক্ষা করার সময় কমেছে কি না;
- জনগণ এবং সম্পত্তি রক্ষা করার উপর প্রভাব;
- প্রাকৃতিক দুর্যোগের ফলে ক্ষতির পরিমাণ কমেছে কি না:
- স্থানীয় পর্যায়ে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;
- স্থানীয় পর্যায়ের ক্ষুদ্র ও মাঝারি কারখানা, স্কুল, কলেজ, ব্যবসা প্রতিষ্ঠান প্রভৃতিতে অগ্নিনির্বাপক ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা করার সরঞ্জাম সংস্থান রাখার প্রবণতা বৃদ্ধি পেয়েছে কি না;
- প্রকল্পের সবল ও দুর্বল দিকসমূহ;
- প্রকল্পের কারণে সৃষ্ট সুযোগ ও ঝুঁকিপূর্ণ দিকসমূহ;
- অন্য এলাকায় একই রকম আরও উন্নত প্রকল্পের জন্য সুপারিশ।

সারণি ২.৩: সংক্ষেপে নমুনা উত্তরদাতার সংখ্যা এবং ধরন

কার্যক্রম	অংশগ্রহণকারী/ উত্তরদাতা	উত্তরদাতার সংখ্যা	উত্তরদাতার ধরন
ক. সংখ্যাগত সমীক্ষা			
ক-১. উপকারভোগী সমীক্ষা: *(প্রশ্নাবলি ব্যবহার করে সরাসরি সাক্ষাৎকার)*	উপকারভোগী	৫৫০	পুরুষ ও মহিলা যারা সরাসরিভাবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের সুবিধা ভোগ করছেন।
ক-২ কন্ট্রোল গ্রুপ উত্তরদাতা (প্রশ্নাবলি ব্যবহার করে সরাসরি সাক্ষাৎকার)	কন্ট্রোল গ্রুপ	২৭৫	ফায়ার স্টেশনবিহীন এলাকার পুরুষ ও মহিলা যারা সরাসরিভাবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের সুবিধা ভোগ করতে পারছেন না।
খ. গুণগত সমীক্ষা			
খ-১: এফ জি ডি	মোট ১৬টি এফজিডি প্রতিটি এফজিডি তে ১০ জন অংশগ্রহণকারী	১৬০	সমজাতীয় ব্যক্তিবর্গ যেমন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের কর্মচারীবৃন্দ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন এলাকার ব্যক্তিবর্গ, শিল্প প্রতিষ্ঠান, শিল্পপতি, স্কুল শিক্ষক, হাটবাজারের সভাপতি, গুরুত্বপূর্ণ দপ্তর প্রধান, জনপ্রতিনিধি।
খ-২: মুখ্য ব্যক্তিবর্গের সাক্ষাৎকার	প্রকল্প বাস্তবায়ন ও ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত মুখ্য কর্মকর্তা/ ব্যক্তিবর্গ	৪৫	প্রকল্প বাস্তবায়নের সাথে সাথে সম্পৃক্ত মুখ্য ব্যক্তিবর্গ তথা প্রকল্প অফিস (১টি), গণপূর্ত অধিদপ্তর-এর সম্পৃক্ত কর্মকর্তা (২২টি) এবং উপজেলা পর্যায়ের ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন এর স্থানীয় পর্যায়ের কর্মকর্তা (২২টি)।
খ-৩: কেস স্টাডি	প্রকল্প এলাকার উপকারভোগী	১৮	১। দুর্যোগ/ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত কলকারখানা; ২। দুর্যোগ/ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত বাড়ি; ৩। দুর্যোগ/ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত ব্যক্তি; ৪। ফায়ার স্টেশন নেই এমন একটি উপজেলার ক্ষতিগ্রস্ত ব্যক্তি/কলকারখানা; ৫। ফায়ার স্টেশন নেই এমন একটি উপজেলার দুর্যোগ এবং অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত বসত বাড়ি; ৬। ফায়ার স্টেশন নেই এমন একটি উপজেলার দুর্যোগ এবং অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত বাজার/ মার্কেট;
খ-৪: বাস্তব অবস্থা পর্যবেক্ষণ	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা এবং সমীক্ষা দল	২২	প্রকল্প এলাকার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন পরিদর্শন ও পর্যবেক্ষণ (চেকলিস্ট অনুসারে) করা হয়েছে।

২.৫ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি

চিত্র ২.১: প্রভাব মূল্যায়ন সমীক্ষার ফ্লো-চার্ট



২.৬. সমীক্ষা কাজে ব্যবহৃত নির্দেশক/সূচকসমূহ

প্রভাব মূল্যায়ন সমীক্ষা কাজের উদ্দেশ্য অর্জনের জন্য বিভিন্ন সূচক বা নির্দেশক ব্যবহার করা হয়েছে নিম্নে প্রদত্ত হলো:

সারণি ২.৪: প্রভাব মূল্যায়ন সমীক্ষা কাজে ব্যবহৃত নির্দেশক/সূচক

শ্রেণিবিন্যাস	প্রভাব মূল্যায়ন সমীক্ষার নির্দেশক (Indicator)
ডেমোগ্রাফিক বৈশিষ্ট্যসমূহ	নাম, লিঙ্গ, বৈবাহিক অবস্থা, পেশা, শিক্ষা, বয়স ও প্রতিবন্ধী।
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ	- ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের কার্যকরী অবস্থা; - কাজের গুণগত মান: - প্রাকৃতিক দুর্যোগ হতে প্রতিকারের জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে প্রশিক্ষিত জনবল ও যন্ত্রপাতির সংস্থান আছে কি না ইত্যাদি।
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের প্রভাব	- জনগণ এবং সম্পত্তি রক্ষা করার সময় কমেছে কি না; - জনগণ এবং সম্পত্তি রক্ষা করার উপর প্রভাব; - প্রাকৃতিক দুর্যোগের ফলে ক্ষতির পরিমাণ কমেছে কি না: - স্থানীয় পর্যায়ে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি; - স্থানীয় পর্যায়ের ক্ষুদ্র ও মাঝারি কারখানা, স্কুল, কলেজ, ব্যবসা প্রতিষ্ঠান প্রভৃতিতে - অগ্নিনির্বাপক ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা করার সরঞ্জাম সংস্থান রাখার প্রবণতা বৃদ্ধি পেয়েছে কি না।
প্রকল্পের সবল ও দুর্বল দিকসমূহ	- প্রকল্পের সবল দিকসমূহ চিহ্নিত করা; - প্রকল্পের দুর্বল দিকসমূহ চিহ্নিত করা; - প্রকল্পের কারণে কি ধরনের সুযোগ সৃষ্টি হচ্ছে বা হতে পারে; - প্রকল্পের ঝুঁকিপূর্ণ দিকসমূহ।

২.৭ প্রশ্নাবলির মাঠ পর্যায়ে পরীক্ষা

প্রশ্নাবলির গঠন ও নির্ভুলতা, সাক্ষাৎকার গ্রহণে সময় নির্ধারণ ও মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহে পর্যাপ্ত উপাত্ত আছে কি না তা জানার জন্য প্রণীত প্রশ্নাবলি তথ্য সংগ্রহকারীদের দ্বারা যাচাই করা হয়েছিল। প্রশ্নাবলি যাচাইয়ের পর পরামর্শক, আইএমইডি এর সহায়তায় প্রশ্নাবলিতে প্রয়োজনীয় সংশোধনী এনে প্রশ্নপত্র চূড়ান্ত করেছিলেন।

২.৮ তথ্য সংগ্রহকারী নিয়োগ এবং প্রশিক্ষণ ব্যবস্থা

উপকারভোগী ৫৫০ ও কন্ট্রোল গ্রুপ ২৭৫, মোট ৮২৫ জনের তথ্য সংগ্রহ কার্যক্রম ১৫ দিনের মধ্যে সম্পাদন করার নিমিত্তে ৯ জন তথ্যসংগ্রহকারী এবং ৩ জন ফিল্ড সুপারভাইজার নিয়োগ প্রদান করা হয়েছিল। তথ্য সংগ্রহকারীদের ৩০/০৩/২০২৩ ইং তারিখে এক (১) দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়েছিল যেখানে প্রকল্পের উদ্দেশ্য, তথ্য সংগ্রহের প্রশ্নাবলি/গাইডলাইন/চেকলিস্ট সম্পর্কে ও প্রকল্প এলাকা হতে তথ্য সংগ্রহ পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয়েছিল। এছাড়া তথ্য সংগ্রহকারীদের নিজেদের দ্বারা প্রশ্নাবলি পরীক্ষা করা হয়েছিল এবং প্রশ্নাবলির প্রয়োজনীয় সংশোধন করা হয়েছিল। পরামর্শক এবং ফার্মের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ তাদের প্রশিক্ষণ প্রদান করেছিলেন। প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণ করার জন্য পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক আইএমইডি কর্মকর্তা উপস্থিত ছিলেন।

২.৯ মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকালে সুপারভাইজারদের করণীয়

প্রকল্প এলাকার প্রতিটি নির্বাচিত স্থানে প্রশিক্ষিত তথ্যসংগ্রহকারী এবং সুপারভাইজারদের প্রেরণ করা হয়েছিল। সুপারভাইজারবৃন্দ তথ্য সংগ্রহকারীরা কিভাবে তথ্য সংগ্রহ করছে তা পর্যবেক্ষণ ও যাচাই করেছিলেন। তথ্য সংগ্রহকারীরা প্রশ্নাবলি, এফজিডি, কেআইআই এবং তথ্য সংগ্রহের ম্যানুয়াল নিয়ে তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু করেছিলেন। সুপারভাইজাররা তথ্য সংগ্রহকারীর কাজ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মূল্যায়ন করেছেন। সুপারভাইজাররা প্রতিটি প্রশ্নাবলি চেক করেছেন এবং প্রকল্প এলাকায় এফজিডি আয়োজন করেছেন। পরামর্শকগণ প্রকল্পের বিভিন্ন এলাকা পরিদর্শন করেছেন, প্রকল্প কার্যক্রমের বিভিন্ন কম্পোনেন্ট-এর বাস্তব অবস্থা পর্যবেক্ষণ করেছেন এবং তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারদের সাথে সরাসরি কথা বলেছেন। পরিশেষে, সুপারভাইজারগণ তথ্য সংগ্রহকারী কর্তৃক পূরণকৃত প্রশ্নাবলিসমূহ চূড়ান্তভাবে যাচাই করে পরামর্শক প্রতিষ্ঠানে পাঠিয়েছিলেন।

২.১০ তথ্য ব্যবস্থাপনা, প্রক্রিয়াকরণ এবং বিশ্লেষণ

গুণগত ফলাফল ও সঠিক বিশ্লেষণের জন্য পূরণকৃত প্রশ্নাবলি খসড়া উপাত্ত হিসেবে বিবেচনা করা হয়েছিল। ডাটা কালেকশনের জন্য নিম্নের কার্যক্রমগুলো গ্রহণ করা হয়েছিল:

প্রশ্নাবলি সম্পাদনা ও কোডিং: প্রতিটি প্রশ্নাবলি কম্পিউটারে এন্ট্রি করার পূর্বেই সম্পাদনা ও কোডিংয়ের কাজ করা হয়েছিল। কোডিং কাজ সরাসরি পরামর্শকের তত্ত্বাধানে সম্পন্ন করা হয়েছে।

কম্পিউটারে ডাটা এন্ট্রি: সম্পাদিত ও কোডিং তথ্য প্রশ্নাবলি অনুযায়ী ডাটা অপারেটরের মাধ্যমে কম্পিউটারের নির্দিষ্ট সফটওয়্যারে এন্ট্রি করেছে। SPSS নামক কম্পিউটার প্যাকেজ ডাটা এন্ট্রির জন্য ব্যবহার করা হয়েছে।

তথ্য বিশ্লেষণ (Data Analysis): উপাত্ত যা মাঠপর্যায় সমীক্ষার মাধ্যমে সংগ্রহ করা হয়েছে তা সামষ্টিক বিশ্লেষণ করা হয়েছে। পরামর্শক এ কাজের জন্য SPSS কম্পিউটার প্রোগ্রাম ব্যবহার করেছেন। প্রাথমিক উপাত্ত টেবিল সমস্ত প্রধান সূচকের জন্য তৈরি করা হয়েছে। কিন্তু সেকেন্ডারি বিশ্লেষণের তথ্য ও প্রাথমিক বিশ্লেষণের উপাত্তের সাথে তুলনাপূর্বক বিস্তারিত টেবিল, বর্ণনা ও বিশ্লেষণ করা হয়েছে।

সারণি ২.৫: তথ্যের গুণগত মান নিয়ন্ত্রণ কৌশল

প্রিপারেশন স্টেজ	• ToR অনুসারে বিশেষজ্ঞ দল গঠন; • নিবিড় পরিবীক্ষণের লক্ষ্যে সঠিক সার্ভে পদ্ধতি প্রণয়ন; • তথ্য সংগ্রহ প্রশ্নমালা প্রণয়ন; FGD Guideline ইত্যাদি; • তথ্য সংগ্রহকারীদের জন্য মানসম্পন্ন প্রশিক্ষণ; • সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা সাপেক্ষে প্রশ্নমালা প্রি-টেস্টিং ও চূড়ান্তকরণ।
ইমপ্লিমেন্টেশন স্টেজ	• পরিকল্পনা ও সময়সীমা অনুযায়ী মাঠ পর্যায়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ; • পরামর্শক টীম কর্তৃক মাঠ পরিদর্শন; • পরামর্শক কর্তৃক তথ্য সংগ্রহের কার্যক্রমের অবিচ্ছিন্ন মনিটরিং; • পরামর্শক কর্তৃক মাঠ পর্যায় কার্যক্রমের তত্ত্বাবধান; • পিডি, মাঠপর্যায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে নিবিড় পর্যালোচনা সভা; • তথ্য সংগ্রহ কার্যক্রমের চেকিং এবং ক্রস চেকিং;
ডকুমেন্টেশন স্টেজ	• সংগৃহীত তথ্যের ৫% চেক করা হয়েছে; • লজিক্যাল কনসিসটেন্সি চেকিং টেকনিক ব্যবহার করা হয়েছে; • SWOT বিশ্লেষণ করা হয়েছে; • সমীক্ষা ফাইন্ডিংস তুলে ধরার জন্য জাতীয় পর্যায়ের ওয়ার্কশপের আয়োজন করা হয়েছে; • চূড়ান্ত প্রতিবেদনের গুণগত মান রক্ষা।

২.১১. প্রতিবেদন প্রণয়ন

প্রতিবেদন তৈরিতে মান সম্পন্ন ফরম্যাট (বিন্যাস) ব্যবহার করা হবে যাতে করে সমীক্ষার সমস্ত ফলাফল সহজেই প্রকল্পের বর্তমান সূচকের প্রতিচ্ছবি ভালোভাবে তুলে ধরা যায়। পরামর্শক প্রতিবেদন তৈরির বিভিন্ন পর্যায়ে কাজের অগ্রগতি ও ফলাফল সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করেন।

প্রতিবেদনের ধরন	প্রতিবেদনের বিষয়বস্তু	জমার তারিখ	প্রতিবেদনের সংখ্যা
প্রারম্ভিক প্রতিবেদন	প্রারম্ভিক প্রতিবেদনে সমীক্ষার নকশা ও তথ্য সংগ্রহের ইন্সট্রুমেন্ট/ প্রশ্নাবলি/ চেকলিস্ট এবং কাজের পরিকল্পনাসহ বিস্তারিত কর্মকান্ডের বিবরণ থাকবে। এছাড়া নির্দিষ্ট লোকবল বণ্টন এবং সমীক্ষার তথ্য সংগ্রহের বিস্তারিত বর্ণনাও থাকবে।	চুক্তি স্বাক্ষরের ১৫ দিন পর	৪০ কপি (টেকনিক্যাল কমিটি ২০+সমীক্ষা তত্ত্বাবধান কমিটি ২০)
১ম খসড়া প্রতিবেদন	পরামর্শক মাঠপর্যায়ের তথ্যের ভিত্তিতে টেকনিক্যাল কমিটিতে উপস্থাপনের জন্য খসড়া প্রতিবেদন তৈরি করবে। খসড়া প্রতিবেদনে উপাত্তের গবেষণা এবং খসড়া ফলাফলের বিশ্লেষণী তথ্যসমূহের উল্লেখ থাকবে। এছাড়াও এতে প্রয়োজনীয় টেবিল, তালিকা, বিশদ বিশ্লেষণমূলক কাঠামো, গবেষণালব্ধ ফলাফল এবং খসড়া সুপারিশ থাকবে। টেকনিক্যাল কমিটির মতামতের প্রেক্ষিতে পরামর্শক খসড়া চূড়ান্ত প্রতিবেদন তৈরি করবেন যা পরবর্তীতে স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করা হবে।	চুক্তি স্বাক্ষরের ৬০ দিন পর	৪০ কপি (টেকনিক্যাল কমিটি ২০+সমীক্ষা তত্ত্বাবধান কমিটি ২০)
২য় খসড়া চূড়ান্ত প্রতিবেদন	স্টিয়ারিং কমিটির মতামতের প্রেক্ষিতে পরামর্শক ২য় খসড়া প্রতিবেদন তৈরি করবেন যা পরবর্তীতে জাতীয় কর্মশালায় উপস্থাপন করা হবে।	চুক্তি স্বাক্ষরের ৯০ দিন পর	৮০ কপি (জাতীয় র্কমশালা)
খসড়া চূড়ান্ত প্রতিবেদন	জাতীয় কর্মশালার মতামতের প্রেক্ষিতে পরামর্শক খসড়া চূড়ান্ত প্রতিবেদন তৈরি করবেন।	চুক্তি স্বাক্ষরের ১০০ দিন পর	২০ কপি (টেকনিক্যাল কমিটি
চূড়ান্ত প্রতিবেদন	পরামর্শক কর্মশালা স্টিয়ারিং কমিটির মতামতের প্রেক্ষিতে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবেন। চূড়ান্ত প্রতিবেদনটি বাংলা ও ইংরেজি উভয় ভাষায় প্রণীত হবে।	চুক্তি স্বাক্ষরের ১২০ দিন পর	৬০ কপি (বাংলা ৪০ ও ইংরেজি ২০)

২.১২ সময়ভিত্তিক কর্মপরিকল্পনা

১৫/০২/২০২৩ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী ১৪/০৬/২০২৩ তারিখের মধ্যে সমীক্ষা কার্যক্রম সমাপ্তের লক্ষ্যে একটি সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা নিম্নে দেওয়া হলো-

ক্রমিক নং	কার্যাবলি	মেয়াদ	
		শুরু	শেষ
	প্রারম্ভিক প্রস্তুতি		
১	খসড়া প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল এবং আইএমইডি ও সংশ্লিষ্ট টেকনিক্যাল কমিটির সভা	১৫/০২/২০২৩	০৬/০৩/২০২৩
২	টেকনিক্যাল কমিটির মতামত সাপেক্ষে প্রারম্ভিক প্রতিবেদন সংশোধন ও দাখিল এবং আইএমইডি ও সংশ্লিষ্ট সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা	০৭/০৩/২০২৩	২১/০৩/২০২৩
৩	চূড়ান্ত প্রারম্ভিক প্রতিবেদন দাখিল	২১/০৩/২০২৩	২৮/০৩/২০২৩
৪	তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ	৩০/০৩/২০২৩ সময়ঃ সকাল ৯টা থেকে বিকেল ৫টা	
৫	মাঠ পর্যায়ে প্রি-টেস্ট এবং চূড়ান্ত প্রশ্নপত্র প্রণয়ন	৩১/০৩/২০২৩	
	মাঠ পর্যায়ের কাজ		
৬	তথ্য সংগ্রহ ও কার্যক্রম পরিদর্শন এবং স্থানীয় পর্যায়ে কর্মশালা	০১/০৪/২০২৩	৩০/০৪/২০২৩
৭	ডাটা প্রসেসিং, ডাটা এনালাইসিস	১৫/০৪/২০২৩	৩০/০৪/২০২৩

ক্রমিক	কার্যাবলি	মেয়াদ	
	প্রতিবেদন প্রণয়ন		
৮	খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	২৭/০৪/২০২৩	১০/০৫/২০২৩
৯	টেকনিক্যাল কমিটির সভায় খসড়া প্রতিবেদন পর্যালোচনা	১৪/০৫/২০২৩	১৫/০৫/২০২৩
১০	খসড়া প্রতিবেদন সংশোধন, সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভায় খসড়া প্রতিবেদন পর্যালোচনা	১৬/০৫/২০২৩	২২/০৫/২০২৩
১১	২য় খসড়া প্রতিবেদন সংশোধন ও কর্মশালায় উপস্থাপন	২৩/০৫/২০২৩	০৪/০৬/২০২৩
১২	কর্মশালার মতামতের ভিত্তিতে প্রতিবেদন চূড়ান্তকরণ এবং চূড়ান্ত ইংরেজি প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	০৫/০৬/২০২৩	১৪/০৬/২০২৩

চিত্র ২.২: নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রম-এর সময়ভিত্তিক কর্মপরিকল্পনা

ক্রমিক	কার্যাবলি	ফেব্রু-মার্চ		মার্চ-এপ্রি			এপ্রি-মে				মে-জুন						
		সময়															
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
ক)	খসড়া প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল এবং টেকনিক্যাল কমিটির সভা																
খ)	টেকনিক্যাল কমিটির মতামত সাপেক্ষে প্রারম্ভিক প্রতিবেদন সংশোধন ও দাখিল এবং স্টিয়ারিং কমিটির সভা																
গ)	চূড়ান্ত প্রারম্ভিক প্রতিবেদন দাখিল																
ঘ)	তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ																
ঙ)	তথ্য সংগ্রহ ও কার্যক্রম পরিদর্শন																
চ)	স্থানীয় পর্যায়ে কর্মশালা																
ছ)	ডাটা এন্ট্রি, ভেরিফিকেশন, ডাটা প্রসেসিং, ডাটা এনালাইসিস, ১ম খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল																
জ)	টেকনিক্যাল কমিটি সভায় ১ম খসড়া প্রতিবেদন পর্যালোচনা																
ঝ)	প্রতিবেদন সংশোধন করে ১ম খসড়া প্রতিবেদন প্রণয়ন ও স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন																
ঞ)	১ম খসড়া প্রতিবেদন সংশোধন করে ২য় খসড়া চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও জাতীয় কর্মশালায় উপস্থাপন																
চ)	২য় খসড়া প্রতিবেদন সংশোধন করে খসড়া চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন																
ছ)	কর্মশালা ও স্টিয়ারিং কমিটির মতামতের ভিত্তিতে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন এবং চূড়ান্ত ইংরেজি ভার্সন প্রতিবেদন প্রণয়ন ও দাখিল																

তৃতীয় অধ্যায়

ফলাফল পর্যালোচনা

ক. প্রকল্পের অগ্রগতি

৩.১. প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন

সারণি ৩.১: প্রকল্পের ব্যয় (লক্ষ টাকায়)

ক্র.ন.	প্রকল্পের ব্যয়	জিওবি	মোট
১.	ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত প্রকল্প ব্যয়	১৫২৯৯.৩৮	১৫২৯৯.৩৮
২.	১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত প্রকল্প ব্যয়	২৭৭১১.৫৬	২৭৭১১.৫৬
৩.	২য় সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত প্রকল্প ব্যয়	২৫৭২১.৫৭	২৫৭২১.৫৭
৪.	পার্থক্য (২-১) টাকায় ও শতকরা হার	১২৪১২.১৮ ও ৮১.১৩%	১২৪১২.১৮ ও ৮১.১৩%
৫.	পার্থক্য (৩-২) টাকায় ও শতকরা হার	১৯৮৯.৯৯ ও ৭.১৮%	১৯৮৯.৯৯ ও ৭.১৮%

তথ্যসূত্র: আরডিপিপি, মার্চ, ২০১৮

প্রকল্পের ডিপিপি পর্যলোচনা করে দেখা যায় যে, প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছিল ১৫২৯৯.৩৮ লক্ষ টাকা, যা ১ম সংশোধনের সময় বৃদ্ধি পেয়ে করা হয়েছিল ২৭৭১১.৫৬ লক্ষ টাকা এবং ২য় সংশোধনের পর তা করা হয় ২৫৭২১.৫৭ লক্ষ টাকা। ১ম সংশোধনীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি করা হয় দেশের মূল্যস্ফীতির জন্য, কেননা নির্মাণ কাজের মূল্য বৃদ্ধি এবং কিছু ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নতুনভাবে যুক্ত করা হয়েছে।

সারণি ৩.২: প্রকল্পের কর্মপরিকল্পনা বাস্তবায়ন

কাজের আইটেম (ডিপিপি অনুযায়ী)	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত অগ্রগতি		ব্যত্যয়ের কারণ
	আর্থিক	ভৌত (পরিমাণ)	আর্থিক	ভৌত (পরিমাণ)	
১	২	৩	৪	৫	৬
(ক) রাজধানী					
মূলধন (বিল্ডিং নির্মাণ এবং অন্যান্য) ক) স্টেশন অফিসার কোয়ার্টার, ব্যারাক ও বিল্ডিং খ) রান্নাঘর গ) আগত স্যানিটেশন এবং জল সরবরাহ ঘ) পয়ঃনিষ্কাশন ও পানি সরবরাহ বন্ধ রাখা ঙ) অভ্যন্তরীণ বিদ্যুতায়ন চ) বাহ্যিক বিদ্যুতায়ন ছ) গ্যাস সংযোগ মূলধন (বিল্ডিং এবং কাঠামো): ভূমি উন্নয়ন	১২০৬৭.৬০		১১৮৪৩.৬২	৯৮.৬২%	নকলা-শেরপুর: সিভিল কাজ ৬০ শতাংশ শেষ হওয়ার পর ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ার বিরুদ্ধে ভূমি মালিক সিভিল মামলা দায়ের করেন। কিংবদন্তি আদালত ১৩-০২-২০১৭ এ নিষেধাজ্ঞা আদেশ জারি করেছে
জমির দাম	১৩৫৯.২৬		১৩৫৯.২৬	১০০%	সংরক্ষণ
পরিবহন ও যানবাহন:					
মোটর সাইকেল	১.২৬		১.২৬	১০০%	প্রয়োজন অনুযায়ী
গাড়ি ভাড়া	৫.৯৯		৫.৯৯	১০০%	প্রয়োজন অনুযায়ী
আসবাবপত্র ও বাসনপত্র	৩৯৮.২৩		৩৭০.৪০	১০০%	সংরক্ষণ
ওয়্যারলেস টাওয়ার ও সরঞ্জাম	১২০.৬২		১২০.৫১	১০০%	সংরক্ষণ
অগ্নিনির্বাপক সরঞ্জাম	১১০৫০.৭০		১১০৫০.৭০	১০০%	

কাজের আইটেম (ডিপিপি অনুযায়ী)	লক্ষ্যমাত্রা (ডিপিপি অনুযায়ী)		প্রকৃত অগ্রগতি		ব্যত্যয়ের কারণ
	আর্থিক	ভৌত (পরিমাণ)	আর্থিক	ভৌত (পরিমাণ)	
১	২	৩	৪	৫	৬
এফএসসিডি এবং পিডব্লিউডির জন্য অগ্নি নির্বাপণ এর আনুষঙ্গিক	০.৯৩		০.৯৩	১০০%	প্রয়োজন অনুযায়ী
সিডি ভ্যাট ও অন্যান্য	৫০০.০০		৫০০.০০	১০০%	প্রয়োজন অনুযায়ী
মোট (ক)	**২৫৫০৪.৫৭**		**২৫২৫২.৬৭**		
(খ) রাজস্ব					
বেতন ও অন্যান্য	১০০.২৬		১০০.১৬	১০০%	সংরক্ষণ
জ্বালানি ও লুব্রিকেন্ট, পুনঃমেরামত ও রক্ষণাবেক্ষণ, গাড়ি নিবন্ধন, সম্মান, স্পোর্টস আইটেম, টেলিফোন, টিএ-ডিএ, বীমা, সি অ্যান্ড এফ, স্থানীয় এজেন্ট চার্জ/ কমিশন, বিজ্ঞাপন এবং অন্যান্য	১০৬.৩৩		৯৯.৯২	১০০%	সংরক্ষণ
স্টেশনারি	৮.৯১		৮.৫৬	১০০%	সংরক্ষণ
মৃত্তিকা পরীক্ষা	১.৫০		১.৫০	১০০%	প্রয়োজন অনুযায়ী
মোট (খ)	**২১৭.০০**		**২১০.১৪**		
অনুদান মোট (ক+খ)	**২৫৭২১.৫৭**		**২৫৪৬২.৮১**		

তথ্যসূত্র: পিসিআর, ২০১৮

প্রকল্পের কর্মপরিকল্পনা ও এর অগ্রগতি পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের অধীনে ৭২টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ করার কথা ছিল কিন্তু নকলা, শেরপুরের পূর্ত কাজ অর্ধেক সম্পন্ন হওয়ার পর ভূমি মালিকের দ্বারা মামলাজনিত কারণে বন্ধ আছে। মামলাটি এখনও চলমান আছে। যার ফলে শুধুমাত্র এই স্টেশন ব্যতীত অন্য সকল ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। পর্যবেক্ষণে আরও দেখা যায় যে, প্রকল্পের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হয়েছে, সেখানে কোনো ব্যত্যয় হয়নি।

৩.২. অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয়

প্রকল্পের অর্থবছরভিত্তিক ব্যয় বিভাজন পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের সংশোধিত ডিপিপিতে বরাদ্দকৃত অর্থের বিপরীতে প্রকল্পের অর্থবছভিত্তিক এডিপিতে বরাদ্দের পরিমাণ প্রায় সমানই ছিল। তবে ২০০৭-২০০৮ অর্থবছরে সংশোধিত ডিপিপি এর তুলনায় এডিপিতে প্রায় ৫ লক্ষ টাকা কম ছিল, যেখানে ২০০৬-২০০৭, ২০০৯-২০১০, ২০১১-২০১২, ২০১২-২০১৩, ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ অর্থবছরে বরাদ্দ অল্প কিছু পরিমাণ বেশি ছিল। লেখচিত্র ১ হতে প্রতীয়মান হয় যে, প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ডিপিপি/সংশোধিত ডিপিপি এর বরাদ্দ ও এডিপি এর বরাদ্দের মধ্যে সামঞ্জস্য থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এতে করে প্রকল্প পরিচালকের পক্ষে প্রকল্পের সার্বিক কার্যক্রম পরিচালনা করা সহজ হয়।



লেখচিত্র ১: অর্থ-বছরভিত্তিক প্রকল্পের ডিপিপিতে ও এডিপিতে বরাদ্দকৃত প্রকল্প ব্যয়ের পরিমাণ

প্রকল্পের বছরভিত্তিক এডিপির বরাদ্দ, অর্থছাড় ও ব্যয় পর্যবেক্ষণ করে দেখা যায় যে, প্রকল্পের বরাদ্দ অনুযায়ী অর্থছাড় হয়েছে শুধুমাত্র শেষ অর্থবছর ২০১৭-২০১৮ তে প্রকল্পের এডিপির বরাদ্দের তুলনায় ৭০.২১ লক্ষ টাকা কম ছাড় হয়েছে। অপরদিকে প্রকল্পের অধীনে ব্যয় হয়েছে ছাড়কৃত অর্থের প্রায় সম্পূর্ণটাই। শুধুমাত্র ২০১১-২০১২ অর্থবছরে ১.৭৬% এবং ২০১৭-২০১৮ অর্থবছরে ৫.৮৫% কম ব্যয় হয়েছে। অব্যয়কৃত অর্থ প্রকল্প থেকে সরকারের কোষাগারে প্রেরণ করা হয়েছে।

সারণি ৩.৩: প্রকল্পের অর্থ-বছরভিত্তিক বরাদ্দ, অর্থ ছাড় ও ব্যয়ের তথ্য

(লক্ষ টাকা)

ক্রমিক	অর্থবছর	অর্থ ছাড়	অর্থ ব্যয়	অর্থছাড়ের তুলনায় কম/বেশি ব্যয় (অর্থছাড়ের %)
১.	২০০৬-২০০৭	১০৫০.০০	১০৪৯.৯৮	-০.০২ (০.০০১%)
২.	২০০৭-২০০৮	৮৬০.০০	৮৬৫.১৪	৫.১৪ (০.৬০%)
৩.	২০০৮-২০০৯	১৫০০.০০	১৫০০.০০	০.০০ (০.০০%)
৪.	২০০৯-২০১০	২৯০০.০০	২৮৪৯.০৪	-৫০.৯৬ (১.৭৬%)
৫.	২০১০-২০১১	৪৬০.০০	৪৬০.০০	০.০০ (০.০০%)
৬.	২০১১-২০১২	১২০০.০০	১১৯৮.৪৪	-১.৫৬ (০.১৩%)
৭.	২০১২-২০১৩	২০০০.০০	১৯৯৯.৯৫	-০.০৫ (০.০০২৫%)
৮.	২০১৩-২০১৪	১৯০০.০০	১৯০০.০০	০.০০ (০.০০%)
৯.	২০১৪-২০১৫	২৪৫৩.০০	২৪৫৩.০০	০.০০ (০.০০%)
১০.	২০১৫-২০১৬	৩০০০.০০	২৯৭২.৮৯	-২৭.১১ (০.৯০%)
১১.	২০১৬-২০১৭	৪৫০০.০০	৪৪৯৮.২৩	-১.৭৭ (০.০৪%)
১২.	২০১৭-২০১৮	৩৯৫৬.৭৯	৩৭২৫.১৫	-২৩১.৬৪ (৫.৮৫%)
মোট		**২৫৭৭৯.৭৯**	**২৫৪৬২.৮১**	

তথ্যসূত্র: প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন, আইএমইডি, জুন, ২০১৮

৩.৩. সার্বিক এবং অঙ্গভিত্তিক বিস্তারিত বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি

বিভিন্ন অঙ্গের ডিপিপি সংস্থানের বিপরীতে প্রকৃত ব্যয়ের গরমিল পরিলক্ষিত হয়েছে। এছাড়া আরডিপিপি মোতাবেক সবগুলো অঙ্গের ব্যয় দেখানো হয়নি। ফুয়েল লুব্রিকেন্ট, গাড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণ, গাড়ি রেজিস্ট্রেশন সংক্রান্ত খাতের প্রকৃত ব্যয় বেশি হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করে বিষয়টি স্পষ্ট করা সম্ভব হয়নি।

সারণি ৩.৪: প্রকল্পের অঙ্গসমূহের বাস্তব ও আর্থিক অগ্রগতি

ডিপিপি অনুযায়ী অঙ্গের নাম	ডিপিপি লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(ক) রাজস্ব খাত				
১. বেতন ভাতা	১০০.২৬	২ জন	৮২.৪৯৮	১০০%
২. ফুয়েল ও লুব্রিক্যান্ট, পাওয়ার ফুয়েল, গাড়ি মেরামত ও রক্ষণাবেক্ষণ, গাড়ি রেজিস্ট্রেশন, সম্মানি, খেলাধুলার সরঞ্জাম, টেলিফোন/ফ্যাক্স, টিএডিএ, ইন্সুরেন্স, সিএন্ডএফ এবং স্থানীয় এজেন্ট চার্জ/ কমিশন, বিজ্ঞাপন এবং অন্যান্য	৯৯.৩৩	-	১১৮.০৩২	
(৩) ক. স্থাপত্য অধিদপ্তরের জন্য স্থাপত্য নকশা ছাপা ও বাঁধাই করা	২.০০			
খ. কাঠামো নকশা, ডিপিপি, দরপত্র ইত্যাদি ছাপা ও বাঁধাই করা	৫.০০			
গ. স্টেশনারীজ	৮.৯১	-	৮.১১	১০০%
৪. মাটি পরীক্ষা	১.৫০	-	১.৫০	১০০%
উপমোট	**২১৭.০০**		**২১০.১৪**	
খ. মূলধন খাত				
৫. দপ্তর ভবন				
ক। স্টেশন অফিসারের বাসভবন, ব্যারাকসহ মূল ভবন	১১৫০৩.৬৬		১১৮৪৩.৬২	৯৮.৬২%
খ। খাবার ঘরসহ রান্নাঘর				
গ। অভ্যন্তরীণ পয়ঃনিষ্কাশন ও পানি সরবরাহ				
ঘ। বহিঃস্থ পয়ঃনিষ্কাশন ও পানি সরবরাহ				
ঙ। অভ্যন্তরীণ বিদ্যুৎ				
চ। বহিঃ বিদ্যুৎ				
ছ। গ্যাস সংযোগ				
জ। রাস্তা				
ঝ। ড্রেন				
ঞ। সীমানা প্রাচীর				
ট। ফ্ল্যাগ স্ট্যান্ড				
ঠ। জ্বালানি শেড				
৬। জমির মূল্য	৪২৯.৮৬		১৩৫৯.২৬	
৭। ভূমি উন্নয়ন	৪২৯.৮৬	-		১০০ %
ট্রান্সপোর্ট ও ভেহিকেল				
৮। মোটরসাইকেল	১.২৬	১	১.২৬	১০০ %
৯। গাড়ি ভাড়া	৫.৯৯	১	৫.৯৯	১০০ %
১০. আরবরিকালচার	১২.৮৪	৭২		
১১. বিবিধ	১২১.২১	৭২		
১২. ফার্নিচার ও তৈজসপত্র	৩৮৯.২৩		৩৭০.৪০	১০০ %
১৩. ওয়ারলেস টাওয়ার এন্ড ইকুইপমেন্ট	১২০.৬২		১২০.৫১	১০০ %
১৪. অগ্নি নিরোধক যন্ত্রপাতি	১১০৫০.৭০		১০০৫৯.৭৯	১০০ %
১৫. এফএসসিডি এন্ড পিডব্লিউডি আর জন্য কম্পিউটার, ফটোকপিইয়ার, ফ্যাক্স ইত্যাদি	০.৯৩		০.৯৩	১০০ %
১৬. সিডি ভ্যাট ও অন্যান্য	৫০০.০০		৫০০.০০	১০০ %
উপমোট মূলধন	**২৫৫০৪.৫৭**		**২৫২৫২.৬৬**	
সর্ব মোট (ক + খ)	**২৫৭২১.৫৭**		**২৫৪৬২.৮১**	

তথ্যসূত্র: প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন, আইএমইডি, জুন, ২০১৮

খ. ক্রয় কার্যক্রম

৩.৪ ক্রয় কার্যক্রম পর্যালোচনা

পণ্য ক্রয়: প্রকল্পের আওতায় পণ্য ক্রয় কার্যক্রম পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের পণ্য ক্রয় ২০১৩-২০১৪ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে সম্পন্ন হয়েছে। প্রকল্পের ক্রয় কার্যক্রমে কোনো প্রকার ব্যত্যয় পরিলক্ষিত হয়নি। সারণি ৩.৫ তে পণ্য ক্রয় কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করা হয়েছে।

সারণি ৩.৫: প্রকল্পের ক্রয় কার্যক্রমের অগ্রগতি সম্পর্কিত তথ্য

দরপত্র অনুযায়ী কাজের নাম	ক্রয় পদ্ধতি	দরপত্র প্রকাশিত পত্রিকাসমূহের নাম ও তারিখ	দরপত্র খোলার তারিখ ও সময়	নির্বাচিত দরপত্রদাতার নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	মোট চুক্তি মূল্য	কাজ শুরুর তারিখ	কাজ সম্পন্ন করার তারিখ	কাজ সমাপ্তির প্রকৃত তারিখ	বাস্তব অগ্রগতি (%)
১. ০৪টি টোয়িং ভিহিক্যাল (পিকআপ টাইপ)	সরাসরি ক্রয়	প্রযোজ্য নয়	প্রযোজ্য নয়	বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী	২৪-১২-২০১২	১,৩৪,২৪,০০০/-	২৪-১২-২০১২	৩০জুন/২০১৩	৩০জুন/২০১৩	১০০%
২. ২৪টি স্মোক ইজেক্টর	উন্মুক্ত দরপত্র	১. (বাংলা): দৈনিক জনকণ্ঠ, তারিখ: ১৫-০৫-২০১৭ ২. (ইংরেজি): দি নিউ ন্যাশন, তারিখ: ১৫-০৫-২০১৭ ৩. সিপিটিইউ ওয়েব সাইট: প্রকাশ করা হয়েছে.	১৪-০৬-২০১৭ সময়: ১২.১৫ দুপুর	ফন ইন্টার ন্যাশনাল	২০-০৬-২০১৭	৭৯,২০,০০০/-	২০-০৬-২০১৭	২৮জুন/২০১৭	২৮জুন/২০১৭	১০০%
৩. ৭৫০ সেট ফায়ারম্যান স্যুট	উন্মুক্ত দরপত্র	১. (বাংলা): দৈনিক জনকণ্ঠ, তারিখ: ১০-০৪-২০১৭ ২. (ইংরেজি): ঢাকা ট্রিউবন, তারিখ: ১০-০৪-২০১৭ ৩. সিপিটিইউ ওয়েব সাইট: প্রকাশ করা হয়েছে.	২৭-০৪-২০১৭ সময়: ১২.১৫ দুপুর	মেলা	২৮-০৫-২০১৭	৯,২২,৫০,০০০/-	২৮-০৫-২০১৭	২০জুন/২০১৭	২০জুন/২০১৭	১০০%
৪. ৫০ সেট ওয়্যালেস সেট	উন্মুক্ত দরপত্র	১. (বাংলা): দৈনিক জনকণ্ঠ, তারিখ: ১০-০৪-২০১৭ ২. (ইংরেজি): ঢাকা ট্রিউবন, তারিখ: ১০-০৪-২০১৭ ৩. সিপিটিইউ ওয়েব সাইট: প্রকাশ করা হয়েছে.	২৭-০৪-২০১৭ সময়: ১২.১৫ দুপুর	ডিস্ট্রিবিউশন ওয়ান বিডি লিমিটেড	২৮-০৫-২০১৭	৬০,০০,০০০/-	২৮-০৫-২০১৭	২০জুন/২০১৭	২০জুন/২০১৭	১০০%
৫. ০২টি টোয়িং ভিহিক্যাল (ক্যাব টাইপ)	উন্মুক্ত দরপত্র	১. (বাংলা): দৈনিক জনকণ্ঠ, তারিখ: ১৫-০৫-২০১৭ ২. (ইংরেজি): দি নিউ ন্যাশন.	১৪-০৬-২০১৭ সময়: ১২.১৫দুপুর	ফন ইন্টার ন্যাশনাল	২০-০৬-২০১৭	১,০৯,৬৪,০০০/-	২০-০৬-২০১৭	২৮জুন/২০১৭	২৮জুন/২০১৭	১০০%

দরপত্র অনুযায়ী কাজের নাম	ক্রয় পদ্ধতি	দরপত্র প্রকাশিত পত্রিকাসমূহের নাম ও তারিখ	দরপত্র খোলার তারিখ ও সময়	নির্বাচিত দরপত্রদাতার নাম	চুক্তি স্বাক্ষরের তারিখ	মোট চুক্তি মূল্য	কাজ শুরুর তারিখ	কাজ সম্পন্ন করার তারিখ	কাজ সমাপ্তির প্রকৃত তারিখ	বাস্তব অগ্রগতি (%)
		তারিখ: ১৫-০৫-২০১৭ ৩. সিপিটিইউ ওয়েব সাইট: প্রকাশ করা হয়েছে.								
৬. ৩টি পানিবাহী গাড়ি (৬৫০০ লিটার)	উন্মুক্ত দরপত্র	১. (বাংলা): দৈনিক জনকণ্ঠ, তারিখ: ১৫-০৫-২০১৭ ২. (ইংরেজি): দি নিউ ন্যাশন, তারিখ: ১৫-০৫-২০১৭ ৩. সিপিটিইউ ওয়েব সাইট: প্রকাশ করা হয়েছে.	১৪-০৬-২০১৭ সময়: ১২.১৫দুপুর	ফন ইন্টার ন্যাশনাল	২০-০৬-২০১৭	৭,২৯,৬০,৩০০/-	২০-০৬-২০১৭	২৮জুন/২০১৭	২৮জুন/২০১৭	১০০%
৭. ৭টি পানিবাহী গাড়ি (১৮০০ লিটার)	উন্মুক্ত দরপত্র	১. (বাংলা): দৈনিক জনকণ্ঠ, তারিখ: ১০-০৪-২০১৭ ২. (ইংরেজি): ঢাকা ট্রিউবন, তারিখ: ১০-০৪-২০১৭: ৩. সিপিটিইউ ওয়েব সাইট: প্রকাশ করা হয়েছে	২৭-০৪-২০১৭ সময়: ১২.১৫ দুপুর	ফন ইন্টার ন্যাশনাল	১৯-০৪-২০১৭	৮,১৮,২০,২০০/-	২৯ মে/২০১৭	২০জুন/২০১৭	২০জুন/২০১৭	১০০%
৮. ৩২টি পোর্টেবল পাম্প (ছোটো)	উন্মুক্ত দরপত্র	১. (বাংলা): দৈনিক জনকণ্ঠ, তারিখ: ০১-১১-২০১৬ ২. (ইংরেজি): দি নিউ ন্যাশন, তারিখ: ০১-১১-২০১৬: ৩. সিপিটিইউ ওয়েব সাইট: প্রকাশ করা হয়েছে	--	ফন ইন্টার ন্যাশনাল	১৯-০৪-২০১৭	৪,৭৯,৯৩,৭৯২/-	১৯ এপ্রিল/ ২০১৭	১৫জুন/২০১৭	১৫জুন/২০১৭	১০০%
৯. ১৫টি পোর্টেবল পাম্প (ছোটো)	সরাসরি ক্রয়	প্রযোজ্য নয়	--	বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী	২৪-১২-২০১২	২,৯৯,৯১,৪৫০/-	২৪-১২-২০১২	৩০জুন/২০১৩	৩০জুন/২০১৩	১০০%
১০. ০৩টি পানিবাহী গাড়ি (১৮০০লিটার)	সরাসরি ক্রয়	প্রযোজ্য নয়	--	বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী	২৪-১২-২০১২	,১১,৬৫,৯৬১/-	২৪-১২-২০১২	৩০জুন/২০১৩	৩০জুন/২০১৩	১০০%
১১. ০৪টি টোয়িং ভিহিক্যাল (ক্যাব টাইপ)	সরাসরি ক্রয়	প্রযোজ্য নয়	--	বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী	২৪-১২-২০১২	১,০২,৯০,২৮৪/-	২৪-১২-২০১২	৩০জুন/২০১৩	৩০জুন/২০১৩	১০০%
১২. ০১টি পানিবাহী গাড়ি (৬৫০০ লিটার)	সরাসরি ক্রয়	প্রযোজ্য নয়	--	বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী	২৪-১২-২০১২	২,৪১,৩৯,০৬৯/-	২৪-১২-২০১২	৩০জুন/২০১৩	৩০জুন/২০১৩	১০০%

তথ্যসূত্র: প্রকল্প অফিস হতে সংগৃহীত, ২০২৩

পূর্ত কাজ: প্রকল্পের অধীনে সম্পাদিত পূর্ত কাজের পরিমাণ বেশি ছিল অর্থাৎ ৭২টি প্যাকেজের অধীনে পূর্ত কাজ সম্পন্ন হয়। প্রকল্পের আওতায় পূর্তকাজগুলো গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সম্পন্ন করা হয়েছে। তথ্য সংগ্রহ কার্যক্রম চলাকালীন গণপূর্ত অধিদপ্তরের জেলা পর্যায়ের অফিস হতে পূর্তকাজের তথ্য পাওয়া যায়নি। প্রকল্পটি ২০০৬ সাল হতে বাস্তবায়ন হওয়ায় এবং জেলা পর্যায়ের কর্মকর্তাগণ অবগত না থাকায় এত পুরনো নথি/ফাইল কোথায় আছে তারা তা জানেন না বলে জানান। পূর্তকাজের ক্রয় কার্যক্রম সর্ম্পকিত কোনো তথ্য গণপূর্ত অধিদপ্তর হতে সংগ্রহ করা যায়নি। তবে প্রকল্প অফিসে বিভিন্ন পূর্তকাজের আংশিক তথ্য পাওয়া গিয়েছে। প্রকল্প অফিস থেকে দৈবচয়নের ভিত্তিতে ০৭টি প্যাকেজের তথ্য সংগ্রহ করা হয়েছে যা প্রতিবেদনে উপস্থাপন করা হয়েছে। প্রকল্পের পূর্ত কাজের জন্য দরপত্র আহ্বান করা, ঠিকাদার/প্রতিষ্ঠান বাছাই করা, কার্যাদেশ দেওয়া এবং সঠিক সময়ে কাজ সম্পন্ন হয়েছিল কি না, বা সময় বেশি লেগেছিল কি না, অতিরিক্ত সময় অনুমোদিত ছিল কি না ইত্যাদি তথ্য যাচাই করা হয়েছে। পর্যবেক্ষণে দেখা যায় যে, ০৭টি প্যাকেজের মধ্যে মাত্র ৩টি প্যাকেজের দরপত্র প্রকাশের মাধ্যম পাওয়া গিয়েছে, অধিকাংশ প্যাকেজের দরপত্র খোলার তারিখ ও দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ জানা যায়নি। প্রাপ্ত ০৭টি প্যাকেজেরই চুক্তি অনুযায়ী নির্দিষ্ট সময়ে সম্পন্ন করা সম্ভব হয়নি, প্রত্যেকটির সময় বৃদ্ধি করা হয়েছে। প্রাপ্ত তথ্যাবলি নিম্নের ছকে প্রদর্শন করা হলো:

ক্রমিক/দরপত্র অনুযায়ী কাজের নাম	অনুমোদিত ক্রয় পদ্ধতি	পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছে কি না	দরপত্র প্রকাশের মাধ্যম	দরপত্র খোলার তারিখ	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম	NOA প্রদানের তারিখ	প্রস্তাবিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি স্বাক্ষরের তারিখ	কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তের তারিখ	কাজ শেষের প্রকৃত তারিখ	সময় বৃদ্ধি করা হয়েছে কি না
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১ আনোয়ারা-চট্টগ্রাম ফায়ার স্টেশনের অবকাঠামো নির্মাণ	উন্মুক্ত দরপত্র	হ্যাঁ	১. (বাংলা): - সমকাল ২. (ইংরেজি): দি নিউ এজ ৩. সিপিটিইউ ওয়েবসাইট: প্রকাশিত হয়নি	১৯-০১-২০১০ সময়: ১২.০০ পিএম	০১-০২-২০১০	মেসার্স হাওলাদার এজেন্সী	১৯-১২-২০১১	১,৯১,০৪,০০০/-	১,৩৪,৭১,২৪২/৩২	১৯-১২-২০১১	১৯-১২-২০১১	জুন/২০১২	জুন/২০১২	না
২ চিলাহাটি-নীলফামারী ফায়ার স্টেশনের অবকাঠামো নির্মাণ	উন্মুক্ত দরপত্র	হ্যাঁ	১. (বাংলা): - যায়যায় দিন ২. দৈনিক নীলফামারী ৩. (ইংরেজি): দি বাংলাদেশ টুডে- ৪. সিপিটিইউ ওয়েবসাইট: প্রকাশিত হয়নি	----	-----	মেসার্স খাজা বিলকিস রাব্বি	১০-০৭-২০১৭	৩,২৩,৭০,০০০/-	২,৮৯,৪০,৮০৭/৪৬	০২-০৮-২০১৭	ফেব্রুয়ারি/২০১৭	জুন/২০১৮	জুন/২০১৮	হ্যাঁ
৩ হাইমচর-চাঁদপুর ফায়ার স্টেশনের অবকাঠামো নির্মাণ	উন্মুক্ত দরপত্র	হ্যাঁ	১. (বাংলা): -দৈনিক সংগ্রাম ২. (ইংরেজি): -দি ডেইলি স্টার ৩. সিপিটিইউ ওয়েবসাইট: প্রকাশিত হয়নি	-----	-----	মো: আনোয়ার হোসেন	-------	২৩,৭০,০০০/-	৮৭,৯১,০৪৭/-	-------	মে/২০০৯	জুন/২০১০	জুন/২০১২	হ্যাঁ

ক্রমিক/দরপত্র অনুযায়ী কাজের নাম	অনুমোদিত ক্রয় পদ্ধতি	পিপিআর ২০০৮ অনুসরণ করা হয়েছে কি না	দরপত্র প্রকাশের মাধ্যম	দরপত্র খোলার তারিখ	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম	NOA প্রদানের তারিখ	প্রস্তাবিত মূল্য	চুক্তি মূল্য	চুক্তি স্বাক্ষরের তারিখ	কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তের তারিখ	কাজ শেষের প্রকৃত তারিখ	সময় বৃদ্ধি করা হয়েছে কি না
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
৪ বামুন্দী-মেহেরপুর ফায়ার স্টেশনের অবকাঠামো নির্মাণ	উন্মুক্ত দরপত্র	হ্যাঁ	১. পত্রিকার নাম (বাংলা): - তথ্য পাওয়া যায়নি ২. পত্রিকার নাম (ইংরেজি): তথ্য পাওয়া যায়নি ৩. সিপিটিইউ ওয়েব সাইট: তথ্য পাওয়া যায়নি	-------	--------	মোহাম্মদ উইনুস এন্ড বাদ্রার্স	----------	৩,২৩,৭০,০০০/-	৩,১৩,১০,৬০৭/৮১	----------	জানুয়ারি/২০১৮	জুন/২০১৮	জুন/২০১৮	হ্যাঁ
৫ রুপসা-খুলনা ফায়ার স্টেশনের অবকাঠামো নির্মাণ	উন্মুক্ত দরপত্র	হ্যাঁ	১. পত্রিকার নাম (বাংলা): - তথ্য পাওয়া যায়নি ২. পত্রিকার নাম (ইংরেজি): তথ্য পাওয়া যায়নি ৩. সিপিটিইউ ওয়েব সাইট: তথ্য পাওয়া যায়নি	০৪-০৪-২০১১	-----	জামান কনস্ট্রাকশন (জসি) এন্ড সাহেবা তাজ বিজনেস	----------	১,৭৪,৬৪,০০০/-	১,৭০,৬৩,০০০/-	----------	----------	----------	----------	হ্যাঁ
৬ চাটখিল-নোয়াখালী ফায়ার স্টেশনের অবকাঠামো নির্মাণ	উন্মুক্ত দরপত্র	হ্যাঁ	১. পত্রিকার নাম (বাংলা): - তথ্য পাওয়া যায়নি ২. পত্রিকার নাম (ইংরেজি): তথ্য পাওয়া যায়নি ৩. সিপিটিইউ ওয়েব সাইট: তথ্য পাওয়া যায়নি	২৯-১২-২০১৬ সময়: ১২.৩০ পিএম	------	---------	----------	১,৮১,১৬,০০০/-	১,৪৪,২৮,০০০/-	----------	মার্চ/২০১৬	মার্চ/২০১৭	জুন/২০১৮	হ্যাঁ
৭ বানিয়াচং-হবিগঞ্জ ফায়ার স্টেশনের অবকাঠামো নির্মাণ	উন্মুক্ত দরপত্র	হ্যাঁ	১. পত্রিকার নাম (বাংলা): - তথ্য পাওয়া যায়নি ২. পত্রিকার নাম (ইংরেজি): তথ্য পাওয়া যায়নি ৩. সিপিটিইউ ওয়েব সাইট: তথ্য পাওয়া যায়নি	২১-০৯-২০১১ সময়: ১.০০ পিএম	------	মেসার্স হক ট্রেডিং কর্পোরেশন	১৮-০১-২০১২	১,২০,১৮,০০০/-	৬৪,৬৮,৪২৭/-	০২-০২-২০১২	ফেব্রুয়ারি/২০১২	অক্টোবর/২০১২	নভেম্বর/২০১৪	হ্যাঁ

তথ্যসূত্র: প্রকল্প অফিস হতে সংগৃহীত, ২০২৩

প্রকল্প কার্যক্রম সম্পাদনের জন্য যেসকল কার্য প্যাকেজ ক্রয় করা হয়েছে সেগুলোর মধ্য থেকে কিছু প্যাকেজের ক্রয় প্রক্রিয়া নিম্নে তুলে ধরা হলো:

১. "দেশের গুরুত্বপূর্ণ ৭৮টি (সংশোধিত-৭২টি) উপজেলা সদর/ স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্থাপন (২য় সংশোধিত)" প্রকল্পের অধীনে ২৪টি স্মোক ইজেক্টর ক্রয়

"দেশের গুরুত্বপূর্ণ ৭৮টি (সংশোধিত-৭২টি) উপজেলা সদর/ স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের অধীনে ২৪টি স্মোক ইজেক্টর পণ্য ক্রয়ের জন্য OTM পদ্ধতি অনুসরণ করে দরপত্র আহ্বান করা হয়। এ কাজের অংশ হিসেবে ১৫/০৫/২০১৭ ইং তারিখে "দৈনিক জনকন্ঠ" ও "The New Nation" পত্রিকায় দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এর ২৯ দিন পর অর্থাৎ ১৪/০৬/২০১৭ ইং তারিখে দুপুর ১২.১৫ মিনিটে দরপত্র খোলা হয়। দরপত্র মূল্যায়ন কমিটি ৩টি দরপত্র মূল্যায়নের জন্য পান। মূল্যায়ন কমিটির মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয় ১৮/০৬/২০১৭ ইং তারিখে এবং সভায় রেসপন্সিভ দরদাতা হিসেবে ২টি দরপত্র নির্বাচন করা হয়। বাকি ১টি দরপত্র প্রয়োজনীয় সকল কাগজের স্বল্পতার জন্য বাতিল হয়ে যায়। নির্বাচিত দরপত্রের মধ্য থেকে সর্বনিম্ন দরদাতা হিসেবে 'ফন ইন্টারন্যাশনাল' কে নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান করা হয়। তারপর 'ফন ইন্টারন্যাশনাল' এর সাথে ২০/০৬/২০১৭ ইং তারিখে ৭৯,২০,০০০ টাকা চুক্তি মূল্যে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ ছিল ২০/০৬/২০১৭ এবং কাজ সম্পাদনের তারিখ ছিল ২৮/০৬/২০১৭ ইং তারিখে। তবে প্রকৃতপক্ষে প্যাকেজের ক্রয় কার্যক্রম সম্পন্ন হয় ২৮/০৬/২০১৭ ইং তারিখে। প্যাকেজের কাজ সম্পাদনের জন্য ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়কৃত সকল পণ্য/মালামালের ওয়ারেন্টি ছিল এবং ক্রয় সংক্রান্ত সকল নথি সংরক্ষিত আছে। পর্যালোচনায় দেখা যায় যে, প্যাকেজটি পিপিআর ২০০৮ এর কোন ব্যত্যয় না ঘটিয়ে সম্পন্ন করা হয়েছে। প্যাকেজের আওতায় ক্রয়কৃত মালামাল বর্তমানে ভালো আছে।

২. "দেশের গুরুত্বপূর্ণ ৭৮টি (সংশোধিত-৭২টি) উপজেলা সদর/ স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্থাপন (২য় সংশোধিত)" প্রকল্পের অধীনে ৭৫০ সেট ফায়ারম্যান স্যুট ক্রয়

"দেশের গুরুত্বপূর্ণ ৭৮টি (সংশোধিত-৭২টি) উপজেলা সদর/ স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের অধীনে ৭৫০ সেট ফায়ারম্যান স্যুট ক্রয়ের জন্য OTM পদ্ধতি অনুসরণ করে দরপত্র আহ্বান করা হয়। এ কাজের অংশ হিসেবে ১০/০৪/২০১৭ ইং তারিখে "দৈনিক জনকন্ঠ" ও "Dhaka Tribune" পত্রিকায় দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এর ১৭ দিন পর অর্থাৎ ২৭/০৪/২০১৭ ইং তারিখে দুপুর ১২.১৫ মিনিটে দরপত্র খোলা হয়। দরপত্র মূল্যায়ন কমিটি ৫টি দরপত্র মূল্যায়নের জন্য পান। মূল্যায়ন কমিটির মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয় ০২/০৫/২০১৭ ইং তারিখে এবং সভায় রেসপন্সিভ দরদাতা হিসেবে ৫টি দরপত্রকেই নির্বাচন করা হয়। নির্বাচিত দরপত্রের মধ্য থেকে সর্বনিম্ন দরদাতা হিসেবে 'মেলা' কে নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান করা হয়। তারপর 'মেলা' এর সাথে ২০/০৬/২০১৭ ইং তারিখে ৯২২৫০০০০ টাকা চুক্তি মূল্যে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ ছিল ২০/০৬/২০১৭ এবং কার্যক্রম সম্পন্ন হয় ২০/০৬/২০১৭ ইং তারিখে। প্যাকেজের কাজ সম্পাদনের জন্য ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়কৃত সকল পণ্য/মালামালের ওয়ারেন্টি ছিল এবং ক্রয় সংক্রান্ত সকল নথি সংরক্ষিত আছে। পর্যালোচনায় দেখা যায় যে, প্যাকেজটি পিপিআর ২০০৮ এর কোনো ব্যত্যয় না ঘটিয়ে সম্পন্ন করা হয়েছে। প্যাকেজের আওতায় ক্রয়কৃত মালামাল বর্তমানে ভালো আছে।

৩. "দেশের গুরুত্বপূর্ণ ৭৮টি (সংশোধিত-৭২টি) উপজেলা সদর/ স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্থাপন (২য় সংশোধিত)" প্রকল্পের অধীনে ৫০ সেট ওয়্যারলেস ক্রয়

"দেশের গুরুত্বপূর্ণ ৭৮টি (সংশোধিত-৭২টি) উপজেলা সদর/ স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের অধীনে ৫০ সেট ওয়্যারলেস ক্রয়ের জন্য OTM পদ্ধতি অনুসরণ করে দরপত্র আহ্বান করা হয়। এ কাজের অংশ হিসেবে ১০/০৪/২০১৭ ইং তারিখে "দৈনিক জনকন্ঠ" ও "Dhaka Tribune" পত্রিকায় দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এর ১৭ দিন পর অর্থাৎ ২৭/০৪/২০১৭ ইং তারিখে দুপুর ১২.১৫ মিনিটে দরপত্র খোলা হয়। দরপত্র মূল্যায়ন কমিটি ৩টি দরপত্র মূল্যায়নের জন্য পান। মূল্যায়ন কমিটির মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয় ০২/০৫/২০১৭ ইং তারিখে এবং সভায় রেসপন্সিভ দরদাতা হিসেবে ১টি দরপত্রকেই নির্বাচন করা হয়। বাকি দুই ঠিকাদার প্রতিষ্ঠান প্রয়োজনীয় সকল নথি দাখিল না করার জন্য বাতিল হয়ে যায়। নির্বাচিত সর্বনিম্ন দরদাতা হিসেবে 'ডিস্ট্রিবিউশন ওয়ান বিডি লিমিটেড' কে নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান করা হয়। তারপর 'ডিস্ট্রিবিউশন ওয়ান

বিডি লিমিটেড' এর সাথে ২৮/০৫/২০১৭ ইং তারিখে ৬০০০০০০ টাকা চুক্তি মূল্যে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ ছিল ২৮/০৫/২০১৭ এবং কার্যক্রম সম্পন্ন হয় ২০/০৬/২০১৭ ইং তারিখে। প্যাকেজের কাজ সম্পাদনের জন্য ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়কৃত সকল পণ্য/মালামালের ওয়ারেন্টি ছিল এবং ক্রয় সংক্রান্ত সকল নথি সংরক্ষিত আছে। পর্যালোচনায় দেখা যায় যে, প্যাকেজটি পিপিআর ২০০৮ এর কোনো ব্যত্যয় না ঘটিয়ে সম্পন্ন করা হয়েছে। প্যাকেজের আওতায় ক্রয়কৃত মালামাল বর্তমানে ভালো আছে।

৪. "দেশের গুরুত্বপূর্ণ ৭৮টি (সংশোধিত-৭২টি) উপজেলা সদর/ স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্থাপন (২য় সংশোধিত)" প্রকল্পের অধীনে ৭টি পানিবাহী গাড়ি ক্রয়

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের এলাকায় দুর্যোগকালে ফায়ার স্টেশন কর্মীদের উপস্থিতির সময় সম্পর্কিত তথ্য সারণি ৩.১৮ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রহণকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ২৫.৩% উত্তরদাতা দুর্যোগকালে ফায়ার স্টেশন কর্মীদের উপস্থিতির সময় ২০-৪০ মিনিট বলে মতামত দিয়েছেন এবং ৭৪.৭% উত্তরদাতা দুর্যোগকালে ফায়ার স্টেশন কর্মীদের উপস্থিতির সময় ২০ মিনিটের কম বলে মতামত দিয়েছেন। সমীক্ষায় অংশগ্রহণকারী কন্ট্রোল গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ৫৬.৫% উত্তরদাতা দুর্যোগকালে ফায়ার স্টেশন কর্মীদের উপস্থিতির সময় ১ ঘন্টার বেশি বলে মতামত দিয়েছেন, ২১.৮% উত্তরদাতা দুর্যোগকালে ফায়ার স্টেশন কর্মীদের উপস্থিতির সময় ৪০-৬০ মিনিট বলে মতামত দিয়েছেন এবং ৫১.৬% উত্তরদাতা দুর্যোগকালে ফায়ার স্টেশন কর্মীদের উপস্থিতির সময় ২০-৪০ মিনিট বলে মতামত দিয়েছেন।

সারণি ৩.১৮: দুর্যোগকালে ফায়ার স্টেশন কর্মীদের উপস্থিতির সময়

উপস্থিতির সময় কমেছে	প্রোগ্রাম		কন্ট্রোল	
	সংখ্যা	%	সংখ্যা	%
১ ঘন্টার বেশি	০	০.০	১৪২	৫৬.৫
৪০-৬০ মিনিট	০	০.০	২৮	২১.৮
২০-৪০ মিনিট	১৩৯	২৫.৩	৩৬	৫১.৬
২০ মিনিটের কম	৪১১	৭৪.৭	০	০.০
মোট (N)	**৫৫০**	**১০০.০**	**২৭৫**	**১০০**

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের এলাকায় প্রকল্পের পূর্বে ক্ষয়-ক্ষতির পরিমাণ সম্পর্কিত তথ্য সারণি ৩.১৯ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রহণকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, প্রকল্পের পূর্বে ২৬.৭৩% উত্তরদাতা ৫,০০০-১০,০০০ টাকা, ৯.৮২% উত্তরদাতা ১০,০০০-২০,০০০ টাকা, ৪৮.৫৫% উত্তরদাতা ২০,০০০-৫০,০০০ টাকা এবং ১৪.৯১% উত্তরদাতা ৫০,০০০ টাকার অধিক ক্ষতি হয়েছে বলে মতামত দিয়েছেন। এবং প্রকল্পের পরে, ৪২.৫৫% উত্তরদাতা ৫,০০০-১০,০০০ টাকা, ৩১.২৭% উত্তরদাতা ১০,০০০-২০,০০০ টাকা, ১৯.৮২% উত্তরদাতা ২০,০০০-৫০,০০০ টাকা এবং ৬.৩৬% উত্তরদাতা ৫০,০০০ টাকার অধিক ক্ষতি হয়েছে বলে মতামত দিয়েছেন।

সারণি ৩.১৯: প্রকল্পের ফলে এলাকায় দুর্যোগের ক্ষয়-ক্ষতির পরিমাণ সম্পর্কিত প্রভাব

ক্ষয়-ক্ষতির পরিমাণ	প্রকল্পের পূর্বে		প্রকল্পের পরে	
	সংখ্যা	%	সংখ্যা	%
৫,০০০ – ১০,০০০	১৪৭	২৬.৭৩	২৩৪	৪২.৫৫
১০,০০০ – ২০,০০০	৫৪	৯.৮২	১৭২	৩১.২৭
২০,০০০ – ৫০,০০০	২৬৭	৪৮.৫৫	১০৯	১৯.৮২
৫০,০০০ এর অধিক	৮২	১৪.৯১	৩৫	৬.৩৬
মোট (N)	**৫৫০**	**১০০.০**	**৫৫০**	**১০০**

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের সময় বেশি লাগার কার দূর্ঘটনা মোকাবিলার ক্ষেত্রে প্রভাব সম্পর্কিত তথ্য সারণি ৩.২০ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রহণকারী কন্ট্রোল গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ২৬.৫৫% উত্তরদাতা ব্যাপক ক্ষয়ক্ষতির সম্মুখীন হতে হয় বলে মতামত দিয়েছেন, ১৭.৪৫% উত্তরদাতা আগুন চারিদিকে ছড়িয়ে পড়ে বলে মতামত দিয়েছেন এবং ৫৬.০০% উত্তরদাতা সাহায্য পৌছাতে সময় বেশি লাগে বলে মতামত দিয়েছেন।

সারণি ৩.২০: সময় বেশি লাগার কারণে দূর্ঘটনা মোকাবিলার ক্ষেত্রে প্রভাব সম্পর্কিত তথ্যাদি

দূর্ঘটনা মোকাবিলার ক্ষেত্রে প্রভাবসমূহ	সংখ্যা	%
ব্যাপক ক্ষয়ক্ষতির সম্মুখীন হতে হয়	৭৩	২৬.৫৫
আগুন চারিদিকে ছড়িয়ে পড়ে	৪৮	১৭.৪৫
সাহায্য পৌছাতে সময় বেশি লাগে	১৫৪	৫৬.০০
মোট (N)	**২৭৫**	**১০০**

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের এলাকায় এলাকায় ফায়ার সার্ভিস স্টেশন থাকলে কি জীবন ও সম্পদের ক্ষয়-ক্ষতি কম হতো কিনা এ সম্পর্কিত তথ্য সারণি ৩.২১ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রহণকারী কন্ট্রোল গ্রুপের উত্তরদাতাদের সবাই ক্ষয়ক্ষতির পরিমাণ অনেক কম হতো বলে মতামত দিয়েছেন।

সারণি ৩.২১. কন্ট্রোল গ্রুপ এলাকায় ফায়ার সার্ভিস স্টেশন থাকলে জীবন ও সম্পদের ক্ষয়-ক্ষতি কমতো কি না

উত্তরের ধরণ	সংখ্যা	%
অবশ্যই। ক্ষয়ক্ষতির পরিমাণ অনেক কম হতো	২৭৫	১০০.০
মোট (N)	**২৭৫**	**১০০**

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের তাদের নিরাপত্তাবোধ বৃদ্ধি পেয়েছে কিনা তা লেখচিত্র ৩.১০ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রহণকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ৯৯.৩% উত্তরদাতা তাদের নিরাপত্তাবোধ বৃদ্ধি পেয়েছে এবং ০.৭% উত্তরদাতা তাদের নিরাপত্তাবোধ বৃদ্ধি পায়নি বলে মতামত দিয়েছেন।



লেখচিত্র ৩.১০: ফায়ার সার্ভিস ও সিভিল স্টেশন নির্মাণের ফলে এলাকায় নিরাপত্তাবোধ বৃদ্ধি সম্পর্কিত তথ্যাদি

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের তাদের নিরাপত্তাবোধ বৃদ্ধি পেয়েছে কিনা তা লেখচিত্র ৩.১১ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রহণকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ৯৯.৩% উত্তরদাতা তাদের নিরাপত্তাবোধ বৃদ্ধি পেয়েছে এবং ০.৭% উত্তরদাতা তাদের নিরাপত্তাবোধ বৃদ্ধি পায়নি বলে মতামত দিয়েছেন।

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের এলাকায় দুর্যোগ মোকাবিলার জন্য স্বেচ্ছাসেবী দল ছিল কিনা তা সারণি ৩.২২ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রহণকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ২২.২% উত্তরদাতা তাদের এলাকায় দুর্যোগ মোকাবিলার জন্য স্বেচ্ছাসেবী দল ছিল বলে মতামত দিয়েছেন। ৩৫.৮% উত্তরদাতা তাদের এলাকায় দুর্যোগ মোকাবিলার জন্য স্বেচ্ছাসেবী দল ছিল না বলে মতামত দিয়েছেন এবং ৪২.০০% উত্তরদাতা তাদের এলাকায় দুর্যোগ মোকাবিলার জন্য স্বেচ্ছাসেবী দল ছিল কিনা এই বিষয়ে অবগত নন।

সারণি ৩.২২: এলাকায় দুর্যোগ মোকাবিলার জন্য স্বেচ্ছাসেবী দলের উপস্থিতি সম্পর্কিত তথ্যাদি

স্বেচ্ছাসেবী দল	সংখ্যা	%
হ্যাঁ	১২২	২২.২
না	১৯৭	৩৫.৮
জানি না	২৩১	৪২.০
মোট (N)	**৫৫০**	**১০০**

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের বাড়ী/অফিস/ প্রতিষ্ঠানে পূর্বে অগ্নি নির্বাপন উপকরণ ছিল কিনা তা সারণি ৩.২৩ এ উল্লেখ করা হয়েছে।সমীক্ষায় অংশগ্রহণকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ১৬.৫% উত্তরদাতা তাদের বাড়ী/অফিস/ প্রতিষ্ঠানে পূর্বে অগ্নি নির্বাপন উপকরণ ছিল বলে মতামত দিয়েছেন এবং ৮৩.৫% উত্তরদাতা তাদের বাড়ী/অফিস/ প্রতিষ্ঠানে পূর্বে অগ্নি নির্বাপন উপকরণ ছিল না বলে মতামত দিয়েছেন।

সারণি ৩.২৩: আপনার বাড়ী/অফিস/ প্রতিষ্ঠানে পূর্বে অগ্নি নির্বাপন উপকরণের উপস্থিতি সম্পর্কিত তথ্যাদি

অগ্নি নির্বাপন উপকরণ ছিল	সংখ্যা	%
হ্যাঁ	৯১	১৬.৫
না	৪৫৯	৮৩.৫
মোট (N)	**৫৫০**	**১০০**

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের বাড়ী/অফিস/ প্রতিষ্ঠানে বর্তমানে অগ্নি নির্বাপন উপকরণ আছে কিনা তা সারণি ৩.২৪ এ উল্লেখ করা হয়েছে।সমীক্ষায় অংশগ্রহণকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ১৯.১% উত্তরদাতা তাদের বাড়ী/অফিস/ প্রতিষ্ঠানে বর্তমানে অগ্নি নির্বাপন উপকরণ আছে বলে মতামত দিয়েছেন এবং ৮০.৯% উত্তরদাতা তাদের বাড়ী/অফিস/ প্রতিষ্ঠানে বর্তমানে অগ্নি নির্বাপন উপকরণ নেই বলে মতামত দিয়েছেন।

সারণি ৩.২৪: আপনার বাড়ী/অফিস/ প্রতিষ্ঠানে বর্তমানে অগ্নি নির্বাপন উপকরণের উপস্থিতি সম্পর্কিত তথ্যাদি

অগ্নি নির্বাপন উপকরণ আছে	সংখ্যা	%
হ্যাঁ	১০৫	১৯.১
না	৪৪৫	৮০.৯
মোট (N)	**৫৫০**	**১০০**

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতারা অগ্নি নির্বাপন উপকরণ ব্যবহার সম্পর্কে কোন প্রশিক্ষণ পেয়েছেন কিনা তা সারণি ৩.২৫ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ১৬.৪% উত্তরদাতা অগ্নি নির্বাপন উপকরণ ব্যবহার সম্পর্কে কোন প্রশিক্ষণ পেয়েছেন এবং ৮৩.৬% উত্তরদাতা অগ্নি নির্বাপন উপকরণ ব্যবহার সম্পর্কে কোন প্রশিক্ষণ পাননি।

সারণি ৩.২৫: অগ্নি নির্বাপন যন্ত্র/উপকরণ ব্যবহারের উপর প্রশিক্ষণ সম্পর্কিত তথ্যাদি

কোন প্রশিক্ষণ পেয়েছেন	সংখ্যা	%
হ্যাঁ	৯০	১৬.৪
না	৪৬০	৮৩.৬
মোট (N)	**৫৫০**	**১০০**

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের দূর্ঘটনা সম্পর্কে এলাকাবাসীর মধ্যে সচেতনতা বৃদ্ধি পেয়েছে কিনা তা সারণি ৩.২৬ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রহণকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ৯২.০% উত্তরদাতা দূর্ঘটনা সম্পর্কে এলাকাবাসীর মধ্যে সচেতনতা বৃদ্ধি পেয়েছে বলে মতামত দিয়েছেন। ২.৪% উত্তরদাতা দূর্ঘটনা সম্পর্কে এলাকাবাসীর মধ্যে সচেতনতা বৃদ্ধি পায়নি বলে মতামত দিয়েছেন এবং ৫.৬% উত্তরদাতা দূর্ঘটনা সম্পর্কে এলাকাবাসীর মধ্যে সচেতনতা বৃদ্ধি পেয়েছে কিনা এই বিষয়ে অবগত নন।

সারণি ৩.২৬: দূর্ঘটনা সম্পর্কে এলাকাবাসীর মধ্যে সচেতনতা বৃদ্ধি

সচেতনতা বৃদ্ধি	সংখ্যা	%
হ্যাঁ	৫০৬	৯২.০
না	১৩	২.৪
জানি না	৩১	৫.৬
মোট (N)	**৫৫০**	**১০০**

৩.১২.১৪ প্রকল্প এলাকায় বর্তমানে ফায়ার সার্ভিসের সেবার মান

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের বর্তমানে ফায়ার সার্ভিসের সেবার মান সম্পর্কিত মতামত সারণি ৩.২৭ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রহণকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ৮.২% উত্তরদাতা অত্যন্ত সন্তোষজনক, ৬৯.৫% উত্তরদাতা সন্তোষজনক, ১৯.১% উত্তরদাতা মোটামুটি সন্তোষজনক এবং ৩.৩% উত্তরদাতা অত্যন্ত অসন্তোষজনক বলে মতামত দিয়েছেন।

সারণি ৩.২৭: বর্তমানে ফায়ার সার্ভিসের সেবার মান

সেবার মান	সংখ্যা	%
অত্যন্ত সন্তোষজনক	৪৫	৮.২
সন্তোষজনক	৩৮২	৬৯.৫
মোটামুটি সন্তোষজনক	১০৫	১৯.১
খুবই অসন্তোষজনক	১৮	৩.৩
মোট (N)	**৫৫০**	**১০০**

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের সর্বাধিক সুবিধা ও সেবা পেতে কি কি সমস্যাসমূহ সারণি ৩.২৮ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রহণকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ৫২.২২% উত্তরদাতা রাস্তাঘাট সরু, ৪২.০০% উত্তরদাতা দক্ষ জনবলের অভাব, ২৮.৫৫% উত্তরদাতা আধুনিক যন্ত্রপাতির অভাব এবং ১৫.২৭% উত্তরদাতা পানিবাহী গাড়ির স্বল্পতার কথা বলেছেন।

সারণি ৩.২৮ সর্বাধিক সুবিধা ও সেবা পেতে সমস্যাসমূহ

সমস্যাসমূহ	সংখ্যা	%
রাস্তাঘাট সরু	২৮৯	৫২.৫৫
দক্ষ জনবলের অভাব	২৩১	৪২.০০
আধুনিক যন্ত্রপাতির অভাব	১৫৭	২৮.৫৫
পানিবাহী গাড়ির স্বল্পতা	৮৪	১৫.২৭
একাধিক উত্তর গ্রহণযোগ্য		

৩.১২.১৫ প্রকল্প এলাকায় সেবাসমূহের সার্বিক উন্নয়নের জন্য করণীয় সম্পর্কিত তথ্য

সমীক্ষায় অংশগ্রহণকারী উত্তরদাতাদের সেবাসমূহের সার্বিক উন্নয়নের জন্য করণীয়সমূহ সারণি ৩.২৯ এ উল্লেখ করা হয়েছে। সমীক্ষায় অংশগ্রহণকারী প্রোগ্রাম গ্রুপের উত্তরদাতাদের তথ্য বিশ্লেষণে দেখা যায়, ৫২.২২% উত্তরদাতা রাস্তাঘাটের প্রস্থ বৃদ্ধি করা, ৪২.০০% উত্তরদাতা দক্ষ জনবল তৈরি করা, ২৮.৫৫% উত্তরদাতা আধুনিক যন্ত্রপাতি ক্রয় করা এবং ১৫.২৭% উত্তরদাতা পানিবাহী গাড়ির গাড়ির সংখ্যা বৃদ্ধি করার কথা বলেছেন।

সারণি ৩.২৯ সেবাসমূহের সার্বিক উন্নয়নের জন্য করণীয়

করণীয়সমূহ	সংখ্যা	%
রাস্তাঘাটের প্রস্থ বৃদ্ধি করা	২৮৯	৫২.৫৫
দক্ষ জনবল তৈরি করা	২৩১	৪২.০০
আধুনিক যন্ত্রপাতি ক্রয় করা	১৫৭	২৮.৫৫
পানিবাহী গাড়ির সংখ্যা বৃদ্ধি করা	৮৪	১৫.২৭
একাধিক উত্তর গ্রহণযোগ্য		

৩.১৩. গুণগত বিশ্লেষণ হতে বিভিন্ন প্রাপ্ত তথ্যের ফলাফল

৩.১৩.১ ফোকাস গ্রুপ আলোচনা (FGD) হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা

ফায়ার স্টেশন স্থাপন ও সেবা সম্পর্কিত তথ্য

প্রভাব মূল্যায়ন সমীক্ষার আওতায় মোট ১২টি এফজিডি পরিচালিত হয়েছে। অংশগ্রহণকারী সবাই ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন সম্পর্কিত তথ্য জানে। এখান থেকে সেবা গ্রহণের ফোন নম্বর হিসেবে প্রায় সবাই ৯৯৯ কে উল্লেখ করেছে। কয়েকজন ১৬১৬৩ নম্বর উল্লেখ করেছে। হালুয়াঘাট, ময়মনসিংহে আয়োজিত আলোচনায় অংশ গ্রহণকারীগণ সেবা নম্বর হিসেবে ০১৭৮৯৫৪২৮২০ এবং মির্জাগঞ্জ, পটুয়াখালিতে আয়োজিত আলোচনায় অংশগ্রহণকারী সেবা নম্বর হিসেবে ০১৭৩৫০৯০৯৪৪ নম্বর দুটি উল্লেখ করেছেন।

দুর্ঘটনার ঝুঁকি সম্পর্কিত তথ্য

নমুনা এলাকার অধিবাসীগণ তাদের এলাকায় সংঘটিত বিভিন্ন ধরণের ঝুঁকির কথা উল্লেখ করেন। প্রায় সবাই অগ্নিকান্ডের এবং সড়ক দুর্ঘটনাকে উল্লেখযোগ্য বলে উল্লেখ করেছেন। তবে দুর্ঘটনার ক্ষেত্রে স্থানীয় ভৌগোলিক ও অর্থনৈতিক জীবন-যাত্রার সম্পর্ক লক্ষ্য করা যায়। পাহাড়ি এলাকার জনগণ ভূমি ও পাহাড় ধসের পাশাপাশি ঝড়ে রাস্তায় গাছ উপড়ে পড়া, নগর এলাকার জনগণ অগ্নিকান্ড ও সড়ক দুর্ঘটনা, এবং নিম্নাঞ্চলের জনগণ নৌকা বা ট্রলার ডুবির পাশাপাশি শিশুদের নদী বা পুকুরের পানিতে ডুবির ঝুঁকি অধিক বলে জানান। সামগ্রিকভাবে দুর্ঘটনার ঝুঁকি সম্পর্কে নিম্নলিখিত বিষয়গুলো পাওয়া যায়-

- অগ্নিকান্ড
- সড়ক দুর্ঘটনা
- বৈদ্যুতিক সর্ট সার্কিট
- পানিতে ডোবা
- ভবন ধস, ভূমি ধস ও পাহাড় ধস
- বজ্রপাত
- ঘূর্ণিঝড়, সাইক্লোন ও বন্যা
- রাস্তায় গাছ ভেঙে বা উপড়ে পড়া

প্রকল্প বাস্তবায়নের ফলে পূর্বের চেয়ে বর্তমানে সুযোগ-সুবিধা বৃদ্ধি সম্পর্কিত তথ্য

প্রকল্প বাস্তবায়নের ফলে একদিকে যেমন দুর্ঘটনা মোকাবিলার ক্ষেত্রে পূর্বের তুলনায় সুযোগ-সুবিধা বৃদ্ধি পেয়েছে অন্যদিকে যে কোনো দুর্ঘটনায় ক্ষয়-ক্ষতি কমানোর সুযোগ সৃষ্টি হয়েছে। আলোচনায় অংশগ্রহণকারী সকলেই মনে করেন যে, প্রকল্প বাস্তবায়নের ফলে এলাকায় দুর্ঘটনায় ক্ষয়-ক্ষতি পূর্বের তুলনায় কমেছে, দ্রুত সেবা পাওয়া যাচ্ছে এবং সকল ধরনের দুর্ঘটনার ক্ষেত্রে জীবনহানি কমেছে। কোন ধরনের দুর্ঘটনায় সবচেয়ে বেশি সুবিধা সৃষ্টি হয়েছে জানতে চাইলে প্রায় সকলেই জানান, পাড়া মহল্লার/শহরের অগ্নিকান্ডের ক্ষেত্রে সবচেয়ে বেশি সাহায্য পাওয়া যাচ্ছে। তবে, সড়ক দুর্ঘটনা, সড়কে গাছ উপড়ে বা ভেঙে পড়া, বজ্রপাত এবং বন্যার সময়ও সেবা পাওয়া যাচ্ছে। এছাড়া, যে কোনো ধরনের দুর্ঘটনার ক্ষেত্রেই তাদেরকে ডাকলে তারা দ্রুত সাড়া দেয়, জনবল ও সাজ-সরঞ্জামসহ চলে আসে এবং সাধ্যমত সেবা দেয়।

প্রকল্প বাস্তবায়নের ফলে সৃষ্ট সুযোগ-সুবিধার ক্ষেত্রে বিদ্যমান প্রতিবন্ধকতা সম্পর্কিত তথ্য

পরিচালিত এফজিডিতে অংশগ্রহণকারীগণ প্রকল্প বাস্তবায়নের ফলে সৃষ্ট সেবা-সুবিধা পূর্ণমাত্রায় পাওয়ার ক্ষেত্রে/ দেওয়ার ক্ষেত্রে কতিপয় প্রতিবন্ধকতার উল্লেখ করেন। এগুলো হলো-

- সরবরাহকৃত পানিবাহী গাড়ির ধারণক্ষমতা কম ফলে অগ্নি নির্বাপনে অনেক সময় অসুবিধায় পড়তে হয়
- জনবল এবং টানা গাড়ির সংখ্যা কম ফলে প্রয়োজনমত বেশি জনবল, পাম্প এবং অন্যান্য সরঞ্জাম পাঠাতে সমস্যা হয়
- কোনো কোনো ক্ষেত্রে প্রধান সড়কের বিভিন্ন স্থানে গাড়ি পার্কিং থাকার কারণে ফায়ার সার্ভিসের গাড়ি দ্রুত যেতে পারে না

- কোনো কোনো ঘটনাস্থলে যেতে রাস্তা অনেক সরু যেখানে ফায়ার সার্ভিসের গাড়ি ঢুকতে পারে না
- গ্রামীণ জনপদে রাস্তায় গাছপালা এবং বাঁশ ঝাড় থাকায় অনেক সময় গাড়ি যেতে পারে না
- ফায়ার স্টেশনের কর্মী এবং ড্রাইভারগণ অনেক সময় দুর্ঘটনার স্থান যথাযথভাবে সনাক্ত করতে এবং পৌঁছাতে পারে না
- বেশির ভাগ স্টেশনে ডুবুরি নেই তাই পানিতে কেউ বা কিছু ডুবলে তা উদ্ধার করতে দীর্ঘ সময় প্রয়োজন হয়
- বেশির ভাগ স্টেশনে অ্যাম্বুলেন্স নেই। দুর্ঘটনায় উদ্ধার তৎপরতা পরিচালনার পর চিকিৎসার প্রয়োজন হলে তারা কোনো সহযোগিতা করতে পারে না

খাগড়াছড়ি জেলার দিঘীনালা উপজেলায় ০৩-০৪-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত দলীয় আলোচনা

ফেনী জেলার ফুলগাজী উপজেলায় ০৫-০৪-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত দলীয় আলোচনা

বগুড়া জেলার গাবতলী উপজেলায় ০৬-০৪-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত দলীয় আলোচনা

পটুয়াখালী জেলার উপজেলায় মির্জাগঞ্জ ১০-০৪-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত দলীয় আলোচনা

বিদ্যমান প্রতিবন্ধকতা দূর করার উপায় সম্পর্কিত তথ্য

আলোচনায় অংশগ্রহণকরীগণ মনে করেন বিদ্যমান প্রতিবন্ধকতা দূর করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের কার্যক্রমকে সফল এবং পূর্ণ মাত্রায় সক্রিয় করতে/ রাখতে কতিপয় ব্যবস্থা গ্রহণ জরুরি। তারা নিম্নলিখিত উপায়গুলি সংযোজন করেছেন-

- স্টেশনগুলোতে বেশি ধারণক্ষমতা সম্পন্ন পানিবাহী গাড়ি সরবরাহ করা
- উন্নতমানের ও বেশি সংখ্যক পাম্প সরবরাহ করা
- কলকারখানা, স্কুল-কলেজ ও হাট-বাজার যেখানে কাছাকাছি পানির উৎস নেই সেখানে গভীর নলকূপ স্থাপন
- জনবল বৃদ্ধি ও তাদের জন্য প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি
- পর্যাপ্ত সংখ্যক ডুবুরি ও প্রয়োজনীয় উদ্ধার সামগ্রী সরবরাহ করা
- সকল ফায়ার সার্ভিস স্টেশনে অ্যাম্বুলেন্স সরবরাহ করা
- জনগণকে দুর্ঘটনা সম্পর্কে সচেতন করতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা
- প্রত্যেক ড্রাইভারকে সংশ্লিষ্ট এলাকার সীমানা ও যাতায়াত-যোগাযোগের সকল রাস্তা-ঘাট সম্পর্কে জানানো

প্রকল্প বাস্তবায়নের ফলে সৃষ্ট নিরাপত্তাবোধ সম্পর্কিত তথ্য

দলগত আলোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্প বাস্তবায়নের ফলে সংশ্লিষ্ট এলাকাগুলোর জনগণের মধ্যে নিরাপত্তবোধ বৃদ্ধি পেয়েছে। জনগণের মধ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের কর্মীদের নিয়মিত মহড়া সাহসের সঞ্চার করেছে, এলাকার জনসাধারণের মধ্যে অগ্নি দুর্ঘটনা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং অগ্নি দুর্ঘটনার সংখ্যা কমে এসেছে। আলোচনায় উপস্থিত প্রায় সকলেই মনে করেন নিরাপত্তাবোধ অনেক বেশি বেড়েছে, কেউ কেউ মনে করেন পূর্বের তুলনায় বৃদ্ধি পেয়েছে এবং খুবই স্বল্প সংখ্যক লোক মনে করেন নিরাপত্তা বোধ সামান্য বৃদ্ধি পেয়েছে।

৩.১৩.২ মুখ্য ব্যক্তিবর্গের সাথে আলোচনা (KII) হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা

প্রকল্প বাস্তবায়ন ও গুরুত্বপূর্ণ কার্যক্রম সম্পর্কিত তথ্য

প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে এবং ৭২টি উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মিত হয়েছে। স্থাপিত ফায়ার স্টেশনগুলি বর্তমানে পূর্ণ মাত্রায় চালু রয়েছে এবং সেবা কার্যক্রম পরিচালনা করছে। স্টেশনগুলোতে প্রকল্প নির্ধারিত সকল অগ্নি নির্বাপক ও দুর্যোগ-দুর্ঘটনা মোকাবিলার সরঞ্জাম সরবরাহ করা হয়েছে। প্রকল্প বাস্তবায়ন ও পরিচলনার সাথে সংশ্লিষ্ট মূখ্য ব্যক্তিবর্গের সাথে আলেচনায় জানা যায় যে, বরিশাল দক্ষিণ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স স্টেশনে সাইরেন স্থাপন করা হয়নি। এছাড়া পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে সাইরেন, টেলিফোন সংযোগ, এবং সাবমার্সিবল পানির পাম্প স্থাপন করা হয়নি। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ফুলগাজী, ফেনী-র নির্মাণকারী প্রতিষ্ঠানের বকেয়া প্রায় ১১ লক্ষ টাকা এখনো পরিশোধ করা হয়নি। এছাড়া বরিশাল দক্ষিণ ও পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের জমি অধিগ্রহণ সংক্রান্ত বিষয়ে মামলা চলমান রয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট স্টেশনের কর্মকর্তাবৃন্দ।

ঠিকাদার নির্বাচন ও ক্রয়নীতিমালা অনুসরণ সম্পর্কিত তথ্য

প্রকল্প বাস্তবানে ঠিকাদার/প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে সম্পূর্ণভাবে সরকারি নীতিমালা (পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮) অনুসরণ করা হয়েছে। ঠিকাদার/প্রতিষ্ঠান নির্বাচনে নির্ণায়ক হিসেবে অভিজ্ঞতা, টেন্ডার সিকিউরিটি, লিকুইড ওয়েট, এবং টার্ন ওভারকে গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে বলে জানিয়েছেন গণপূর্ত অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ। সামগ্রিক পর্যবেক্ষণে বিভিন্ন স্থানে বিভিন্ন টেন্ডার পদ্ধতিতে ঠিকাদার/প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে বলে প্রতীয়মান হয়। ঠিকাদার/প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে OTM ও e-GP পদ্ধতি ব্যবহৃত হয়েছে এবং সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে। সরবরাহকৃত সরঞ্জামাদি ল্যাব টেস্ট ও ফিল্ড টেস্ট পদ্ধতি অনুসরণ করে গ্রহণ করা হয়েছে। নির্বাচিত ঠিকাদার/প্রতিষ্ঠান টেকনিক্যাল স্পেসিফিকেশন অনুযায়ী নির্দিষ্ট সময়ে কাজ সম্পন্ন করেছিল। ঠিকাদার প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত স্পেসিফিকেশন কতটা প্রতিপালিত হয়েছিল, সে বিষয়ে নির্মাণের সাথে সম্পৃক্ত কিছু কর্মকর্তা মনে করেন সম্পূর্ণ/ শতভাগ প্রতিপালিত হয়েছে, কেউ কেউ মনে করেন শতভাগ না হলেও সন্তোষজনকভাবে প্রতিপালিত হয়েছে। কয়েকজন কর্মকর্তা নির্মাণকালে কর্মরত ছিলেন না বলে বিষয়টি সম্পর্কে মন্তব্য করতে পারেন নি। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের কর্মকর্তাগণ এ বিষয়ে জানা নেই বলে মন্তব্য করেন।

প্রকল্প বাস্তবায়নে জটিলতা বা প্রতিকূলতা সম্পর্কিত তথ্য

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের কর্মকর্তাগণ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোনো প্রতিবন্ধকতা উল্লেখ করতে পারেননি। তবে প্রকল্প বাস্তবায়নের সাথে সম্পৃক্ত কর্মকর্তাগণ প্রকল্প বাস্তবায়নে নানাবিধ জটিলতা বা প্রতিকূলতার উল্লেখ করেছেন। সামগ্রিকভাবে প্রাপ্ত তথ্যগুলো নিম্নরুপ-

- সাইট সিলেকশন ও জমি অধিগ্রহণ
- জমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়ন
- সাইট হস্তান্তরে জটিলতা
- পাহাড়ি এলাকাগুলোতে অতিবৃষ্টি ও বন্যা
- খারাপ যাতায়াত ব্যবস্থা এবং নদী পার হয়ে মালামাল ও সরঞ্জাম পরিবহন

কুমিল্লা জেলার চৌয়ারাবাজার উপজেলার ফায়ার স্টেশনে ০৬-০৪-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত কেআইআই

খাগড়াছড়ি জেলার দিঘীনালা উপজেলায় ০২-০৪-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত কেআইআই



বগুড়া জেলায় ১০-০৪-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত কেআইআই

ফেনী জেলার ফুলগাজী উপজেলায় ০৩-০৪-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত কেআইআই

প্রকল্পের গুণগত মান সম্পর্কিত তথ্য

প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট গণপূর্ত অধিদপ্তরের অধিকাংশ কর্মকর্তাগণ মনে করেন প্রকল্পটি গুণগত মান বজায় রেখেই বাস্তবায়ন করা হয়েছে কারণ দরপত্রে গুণগত মান নিশ্চিতকরণের ব্যবস্থা ছিল। তথ্যদাতাগণ জানান, নির্মিত স্টেশন ও সরবরাহকৃত সরঞ্জামসমূহের মান সন্তোষজনক ও ভালো ছিল। কয়েকজন তথ্যদাতা নির্মাণকালে কর্মরত ছিলেন না বলে এ বিষয়ে মন্তব্য করতে পারেন নি। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের কর্মকর্তাবৃন্দও মনে করেন নির্মিত স্টেশন এবং সরবরাহকৃত সরঞ্জাম মানের দিক থেকে ভালো। তবে ভবনের নকশা, স্টেশনের পরিসর, বরাদ্দ প্রাপ্তির ধীরগতি ইত্যাদি বিষয়ে কিছু পরামর্শ সংযোজন করেছেন যেগুলো থাকলে বা সংযোজিত হলে প্রকল্পটি গুণগত মানে আরও উন্নত হতে পারতো। এগুলো নিম্নরুপ-

- ‘সি’ ক্যাটাগরির পরিবর্তে স্টেশনগুলো ‘বি’ বা ‘এ’ ক্যাটাগরির হলে ভালো হতো
- ফোর্সের খেলাধুলা ও শরীর চর্চার জন্য পর্যাপ্ত স্থান থাকলে ভালো হতো
- স্থাপত্য নকশায় দুর্বলতা ছিল, এটা আরও উন্নত হওয়া প্রয়োজন ছিল
- কর্মকর্তাদের জন্য স্বতন্ত্র ভবন নির্মাণ করা দরকার ছিল
- স্টেশনগুলোতে অ্যাম্বুলেন্স সরবরাহ করা হলে ভালো হতো
- টানাগাড়ি, জনবল এবং পাম্প সংখ্যা বৃদ্ধি করলে আরও ভালো হতো
- ভবনের গুণগত মান খারাপ, নির্মাণ সামগ্রী আরও উন্নত হওয়া প্রয়োজন ছিল
- পাইপ ও ফিটিংস আরও উন্নত হওয়া দরকার ছিল
- বৈদ্যুতিক ওয়্যারিং খুবই খারাপ, এটা আরও ভালো হওয়া প্রয়োজন

ভবন ও অবকাঠামোর বর্তমান অবস্থা সংক্রান্ত তথ্য

নির্মিত ভবন ও অবকাঠামোর বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাইলে বাস্তবায়নকারী কর্তৃপক্ষের কর্মকর্তাগণের অনেকেই ভালো বলে মন্তব্য করেন এবং কেউ কেউ জানা নেই বলে জানান। ফায়ার স্টেশনের কর্মকর্তাগণ বর্তমান

অবস্থাকে ‘মোটামুটি’ বা ‘সচল আছে’ বলে মন্তব্য করেন। ভবনের রং চটে যাচ্ছে এবং পলেস্তারা খসে পড়ছে বলে অনেকেই অভিযোগ করেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, নওগাঁ-এর চত্বরের মাটি ধসে যাচ্ছে, বর্ষাকালে ভবনের পশ্চিম আঙিনার মাটি সরে যায়। অতিদ্রুত ব্যবস্থা না নিলে বড়ো ধরনের ঝুঁকি আছে বলে মনে করেন কর্মরত কর্মকর্তাগণ। কুষ্টিয়া জেলার খোকসা উপজেলায় নির্মিত ফায়ার স্টেশনটি নির্মাণ কালে (২৮/১১/২০১২) ভবনের উচ্চতা সম্মুখস্থ রাস্তার সমান ছিল। বর্তমানে মহাসড়কটি ৩ ফুট উঁচু হওয়ায় ভবনটি নিচ হয়ে গেছে, ভবনের মূলগেটটি লাগানো যায় না, পানি জমে যায় এবং অপারেশনের সময় মূল সড়কে ফোর্স এবং সরঞ্জামসহ গাড়ি উঠতে বেশ সমস্যা হয়। সঠিকভাবে সেবা কার্যক্রম পরিচালনার জন্য সমস্যাটির সমাধান চান সংশ্লিষ্ট স্টেশনের কর্মকর্তাগণ।

৩.১৩.৩ কেস স্টাডি পর্যালোচনা

১. নাম: ধ্রুব সাহা, পিতা: প্রানেশ চন্দ্র সাহা, মাতা: মায়া রানী সাহা, গ্রাম: দুর্গাপুর বাজার, উপজেলা: দুর্গাপুর, জেলা: নেত্রকোনা, বিভাগ: ময়মনসিংহ। মোবাইল: ০১৭১২-০২৮৬০০

প্রকল্প গ্রহণের পূর্বে এলাকায় অগ্নিকান্ড ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার অবস্থা তেমন ভালো ছিল না। বর্তমানে এলাকায় অগ্নিকান্ড ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার অবস্থা অনেক ভালো হয়েছে। ধ্রুব সাহার দুর্গাপুর বাজারে টেইলার্সের দোকান আছে, তিনি ছাড়াও আরও ৩ জন কর্মী দর্জির কাজ করেন। দুর্গাপুর বাজারে ২০২১ সালে আগুন লেগেছিল, তারা ফায়ার সার্ভিস স্টেশনে ফোন দিলে আগুন নিভানোর জন্য ১০ মিনিটের মধ্যে ফায়ার সার্ভিসের গাড়ি হাজির হয়। দ্রুততম সময়ে ফায়ার স্টেশনের কর্মীগণ আগুন নিভাতে সক্ষম হন। ফলে বাজারের দোকানদারগণ বড়ো ধরণের আর্থিক ক্ষতি থেকে বেঁচে যান। ধ্রুব সাহার দোকানে আগুন ছড়াতে পারেনি। দুর্গাপুর বাজারের দোকানদারগণ ফায়ার সার্ভিসের কার্যক্রমে খুব খুশি। তাদের মতে, ফায়ার সার্ভিসের কর্মীরা সময়মতো না আসলে পুরো বাজার নিশ্চিহ্ন হয়ে যেতো। কারণ ফায়ার স্টেশন নির্মাণের পূর্বে (২০১৩ সালে) দুর্গাপুর বাজারে আগুন লেগেছিল, তখন বাজারের প্রায় সব দোকান পুড়ে গিয়েছিল এবং ব্যবসায়ীগণ অনেক আর্থিক ক্ষতির সম্মুখীন হন। ধ্রুব সাহার মতে, স্টেশনটি উপজেলার মধ্যবর্তী স্থানে অবস্থিত বিধায় এলাকার মানুষ দ্রুত সেবা পেয়ে থাকে। তার মধ্যে আগুন লাগা, সড়ক দুর্ঘটনা, বন্যা দুর্গত মানুষের সাহায্য ইত্যাদি যে কোনো দুর্ঘটনায় সহযোগিতা পাওয়া যাচ্ছে। প্রকল্পের পূর্বে দুর্ঘটনায় তেমন সুফল পাওয়া যেত না। প্রকল্প গ্রহণের ফলে জমি অধিগ্রহণ/লীজ নেওয়া হয়েছে এবং জমির মালিকদেরকে ন্যায্য মূল্য পরিশোধ করা হয়েছে। প্রকল্প নির্মাণের সময় কোনো ধরনের ক্ষতির মুখে পড়তে হয়নি, ভালোভাবে এবং সময়মতো স্টেশন নির্মাণ হয়েছে। এলাকায় ফায়ার স্টেশনটি হওয়ার ফলে এলাকার মানুষের মধ্যে সামাজিক নিরাপত্তা ও সচেতনতা বৃদ্ধি পেয়েছে।

২. নাম: মাসুমা আক্তার রাণী, স্বামীর নাম: মোঃ বাবুল রানা, গ্রাম: বিএডিসি রোড, উপজেলা: খালিশপুর, জেলা: খুলনা, বিভাগ: খুলনা

খুলনা জেলার খালিশপুর উপজেলার বিএডিসি রোডের বাসিন্দা মাসুমা আক্তারের বাসায় ২০২২ সালে আগুন লাগার ঘটনায় ফায়ার সার্ভিস স্টেশনকে খবর দিলে তারা মাত্র ৫ মিনিটে দুর্ঘটনাস্থলে পৌঁছায়। দ্রুততম সময়ে তারা আগুন নেভাতে সক্ষম হন। এতে করে মাসুমা আক্তারের পরিবারের জানমাল ক্ষতির হাত থেকে রক্ষা পায়। আগুন লাগার ফলে তার বাসার সামান্য ক্ষতি সাধিত হয়, ফায়ার সার্ভিস না থাকলে যা অনেক বেশি হতে পারতো বলে তিনি মনে করেন। তার মতে, প্রকল্প গ্রহণের পূর্বে এলাকায় অগ্নিকান্ড ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার অবস্থা তেমন

ভালো ছিল না। বর্তমানে এলাকায় অগ্নিকান্ড ও প্রাকৃতিক প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার অবস্থা মোটামুটি ভালো। প্রকল্পের মাধ্যমে এলাকার মানুষ অতি দ্রুত আগুন নেভানোর ব্যবস্থা বা যে কোনো দুর্ঘটনায় সহযোগিতা পাওয়া যাচ্ছে। রাস্তার ট্রাফিক সংঘর্ষের ঘটনায় লোকদের উদ্ধার এবং সুরক্ষা করছে। দুর্ঘটনা কবলিতদের তাৎক্ষণিকভাবে চিকিৎসালয়ে স্থানান্তর করছে। তাৎক্ষণিকভাবে সেবা প্রদানের জন্য টহল কার্যক্রম পরিচালনা করা হয়। তিনি বলেন, অনেক বাহিনীকে দেখেছি কাজ করে বা না করে কৃতিত্ব নিয়েছেন। কিন্তু প্রতিটা ঘটনায় দেখেছি ফায়ার সার্ভিসের সদস্যরা জীবনের ঝুঁকি নিয়ে নিরলসভাবে কাজ করছে। বাংলাদেশের ফায়ার সার্ভিসের প্রতিটা সদস্য আমার কাছে বীর মনে হয়। ফায়ার স্টেশন নির্মাণের পূর্বে তার এলাকার অবস্থা খারাপ ছিল। সঠিক সময়ে সেবা পাওয়া যেত না যার ফলে তাদের অনেক ক্ষতি হতো। প্রকল্পের মাধ্যমে উপকার হচ্ছে ক্ষয় ক্ষতির পরিমাণ অনেক কমে এসেছে। প্রকল্প বাস্তবায়নে জমি অধিগ্রহণ নেওয়া হয়েছে এবং তার ন্যায্য মূল্য দেওয়া হয়েছে। প্রকল্প বাস্তবায়নে জমির কোনো ক্ষতি হয়নি। প্রকল্পের ফলে এলাকায় সামাজিক নিরাপত্তা বৃদ্ধি পেয়েছে। সর্বোপরি তিনি ফায়ার সার্ভিসের কর্মীদের প্রতি ধন্যবাদ প্রকাশ করেন এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর স্বাধীনতা পুরস্কার লাভ করায় শুভেচ্ছা জানান।

৩.১৩.৪ স্থানীয় পর্যায়ে কর্মশালা হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ ও পর্যালোচনা

"দেশের ৭৮টি (সংশোধিত-৭২টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষার অংশ হিসেবে গত ৩০ এপ্রিল, ২০২৩ ইং তারিখে ডেভেলপমেন্ট টেকনিক্যাল কনসালটেন্টস প্রাঃ লিঃ (ডিটিসিএল) কর্তৃক উক্ত প্রকল্পের আওতায় নির্মিত হাজারীবাগ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে স্থানীয় কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালাটি সকাল ১১.৩০ ঘটিকায় শুরু হয় এবং দুপুর ২.৩০ ঘটিকায় শেষ হয়। জনাব বাবুল চক্রবর্তী, উপপরিচালক (পরিকল্পনা), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স আধিদপ্তর, ঢাকা-এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. গাজী মোঃ সাইফুজ্জামান, অতিরিক্ত সচিব (প্রশাসন), সমন্বয় ও এমআইএস সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব রহিমা খাতুন, পরিচালক (উপসচিব), সমন্বয় ও আইএমএস সেক্টর, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭। অনুষ্ঠানটি সঞ্চালন করেন ড. এমএম আমির হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, ডিটিসিএল।

কর্মশালায় স্থানীয় জনপ্রতিনিধি, শিল্প ও কলকারখানার প্রতিনিধিসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ উপস্থিত ছিলেন এবং সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ ও মতামত প্রকাশ করেন। প্রকল্পের বিভিন্ন দিক নিয়ে তাদের মতামত নিম্নে তুলে ধরা হলো-

এলাকায় দুর্ঘটনা প্রবণতা ও করণীয় সম্পর্কে মতামত

জনাব এইচ এম আল মামুন (জেনারেল ম্যানেজার, ম্যাটাডোর গ্রুপ), মনে করেন, হাজারীবাগ একটি জনবহুল এবং শিল্প-কারখানাবহুল এলাকা। এখানে সকল ধরনের দুর্ঘটনার সম্ভাবনাই রয়েছে তবে অগ্নিকান্ডের ঝুঁকি সবচেয়ে বেশি। স্টেশনটি প্রতিষ্ঠার ফলে এধরণের দুর্ঘটনা মোকাবিলা সহজ হয়েছে তবে এটাই সমাধান নয়। তিনি বলেন, অগ্নি দুর্ঘটনা প্রতিরোধে ঝুঁকি কমানোর জন্য কাজ করতে হবে। সচেতনতা বৃদ্ধি, দুর্ঘটনা মোকাবিলার প্রশিক্ষণ, সেমিনার ও ওয়ার্কশপ আয়োজনের পরামর্শ দেন তিনি।

এলাকায় প্রকল্পের প্রভাব সম্পর্কে মতামত

কর্মশালায় অংশগ্রণকারীগণ প্রকল্পের বিভিন্ন ইতিবাচক ভূমিকা তুলে ধরেন। সংশ্লিষ্ট এলাকার ওয়ার্ড কমিশনার জনাব আয়েশা মোকাররম বলেন, অগ্নিকান্ডসহ যে কোনো ধরনের দুর্ঘটনায় জনগণ প্রথমেই ফায়ার সার্ভিসের দ্বারস্থ হন এবং প্রতিষ্ঠার পর থেকে স্টেশনটি ব্যাপক ইতিবাচক ভূমিকা পালন করছে। ইতোমধ্যে এলাকার অনেক অগ্নিকান্ডে তারা জনগণের জীবন ও সম্পদ রক্ষায় ভূমিকা রেখেছে।

জনাব মোঃ তানহারুল ইসলাম (ডিএডি, ঢাকা নর্থ, এফএসসিডি) বলেন, প্রকল্পের আওতায় প্রতিষ্ঠিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনগুলো সন্তোষজনকভাবে কাজ করছে। দুর্ঘটনার সংবাদ পাওয়ার ৩০ সেকেন্ডের মধ্যে রেসপন্ড করা এবং ট্রাফিক পুলিশকে তথ্য সরবরাহ ও সাহায্য নিয়ে দ্রুত দুর্ঘটনা স্থলে পৌঁছাতে পারছে এবং সেবা নিশ্চিত করতে পারছে।

স্থানীয় মসজিদের ইমাম মুফতী আবু সাঈদ বলেন, মসজিদের পাশের মাদ্রাসার ৩য় তলায় আগুন লেগেছিল। খবর দেওয়ার ১০ মিনিটের মধ্যে স্টেশন থেকে কর্মীরা দুর্ঘটনা স্থলে পৌঁছান এবং অগ্নি নির্বাপন করেন। বিলম্ব হলে বা ব্যর্থ হলে, মাদ্রাসার ব্যাপক ক্ষয়-ক্ষতিসহ শিক্ষার্থীদের জীবন বিপন্ন হতে পারতো।

জনাব আরিফুল ইসলাম রনি (সহকারী ব্যবস্থাপক, এইচ আর গ্রুপ) বলেন, তার বাসায় আগুন লেগেছিল। খবর পাওয়া মাত্রেই অগ্নি নির্বাপক দল সেখানে পৌঁছান এবং আগুন নিয়ন্ত্রণ ও নির্বাপন করেন। এতে তার পরিবারের ক্ষয়-ক্ষতি অনেক কম হয়েছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের তৎপরতা, ভূমিকা এবং সক্ষমতায় তিনি সন্তোষ প্রকাশ করেন।

জনাব ইকবাল হোসেন (ব্যবস্থাপক, ক্রিসেন্ট গ্রুপ) বলেন, তার কারখানর ২য় তলায় আগুন লেগেছিল। ফায়ার স্টেশন দ্রুত সাড়া দেওয়ার ফলে আগুন দ্রুত নেভানো সম্ভব হয়েছে এবং ক্ষয়-ক্ষতি অনেক কম হয়েছে। দ্রুততার সাথে সাড়া দেওয়ায় তিনি তাদের কর্মকাণ্ডে খুবই খুশি।

হাজারীবাগ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে ৩০-০৪-২০২৩ ইং তারিখে আয়োজিত স্থানীয় পর্যায়ে কর্মশালায় উপস্থিত সম্মানিত অতিথিবৃন্দ, পরামর্শকগণসহ অংশগ্রহণকারী বিভিন্ন স্তরের কর্মকর্তা- কর্মচারী ও সাধারণ জনগণ

প্রকল্পের সমস্যা / দুর্বলতা সম্পর্কিত মতামত

অংশগ্রহণকারীগণ প্রকল্পের কতিপয় সমস্যা বা দুর্বলতা তুলে ধরেন। অনেক ক্ষেত্রে সফলতা থাকলেও কতিপয় দুর্বলতার জন্য সম্পূর্ণ সেবা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। সমস্যগুলো নিম্নরূপ—

প্রথমত, প্রকল্পের আওতায় নির্মিত অধিকাংশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের আয়তন স্বল্প। সেই তুলনায় সাজ-সরঞ্জাম বেশি কিন্তু সেগুলো সংরক্ষণের স্থান সংকীর্ণ। সরবরাহকৃত উপকরণগুলোর মধ্যে Fire Equipment বেশি, Rescue Kit/Equipment কম।

দ্বিতীয়ত, ফায়ার সার্ভিসের কর্মীদেরকে তাদের দায়িত্ব পালনের জন্য শারীরিকভাবে অত্যন্ত সুঠাম থাকতে হয়। সেজন্য নিয়মিত প্রশিক্ষণ, শরীর চর্চা ও হাঁটা-চলার জন্য প্রশস্ত Walk Way প্রয়োজন। কিন্তু বেশির ভাগ স্টেশনে এ সুবিধা নেই।

তৃতয়ীত, স্টেশনগুলোতে জনবল কম। A শ্রেণির একটি স্টেশনে জনবল ৩৫ জন যার মধ্যে ফায়ার ফাইটার ২২ জন। এরূপ স্টেশনে জনবল অন্তত ৫০ জন থাকা উচিত বলে তারা মনে করেন।

চতুর্থত, দুর্যোগ বা দুর্ঘটনা মোকাবিলার জন্য তিনটি বিভাগের সুষ্ঠু সমন্বয় প্রয়োজন হয়। বিভাগ তিনটি হলো স্বাস্থ্য, পুলিশ এবং ফায়ার সার্ভিস। কর্মশালায় উপস্থিত অনেকেই মনে করেন, দুর্ঘটনার সময় তিনটি বিভাগের মধ্যে সঠিক সমন্বয় পরিলক্ষিত হয় না। সবাই কাজ করে কিন্তু বিচ্ছিন্ন ও বিক্ষিপ্তভাবে। কেন্দ্রীয়ভাবে তিনটি বিভাগের কাজ সমন্বয় করার জন্য একটি পরিকল্পনা থাকা দরকার যেখানে কে, কখন, কি কাজ করবে তা সুনির্দিষ্ট থাকা ও বাস্তবায়ন করা জরুরি।

পঞ্চমত, বড়ো ধরনের দুর্ঘটনা মোকাবিলায় উন্নত যন্ত্রপাতির সংকট রয়েছে। উন্নত প্রযুক্তির Rescue Kit /Vehicle নেই। জনবলের সংকট রয়েছে এবং কর্মীদের বিদেশে উন্নত/ উচ্চতর প্রশিক্ষণ নেই।

সমস্যা সমাধান ও সেবাসমূহ টেকসইকরণের জন্য প্রদত্ত মতামত

- স্টেশনগুলোতে উন্নতমানের ও আধুনিক অগ্নি নির্বাপক সরঞ্জাম ও উদ্ধার সামগ্রী সরবরাহ করতে হবে। কর্মীদেরকে দেশে ও বিদেশে উন্নতমানের পর্যাপ্ত প্রশিক্ষণ দিতে হবে।
- সময়ের সাথে জনসংখ্যা, কর্মসংস্থান ও কর্মক্ষেত্র বৃদ্ধি পাচ্ছে। জনবহুল স্থান বৃদ্ধি পাচ্ছে, উঁচু আবাসিক ও বাণিজ্যিক ভবন নির্মিত হচ্ছে, হাট-বাজার ও ব্যবসা কেন্দ্র বিস্তার লাভ করছে। একই সাথে নানা ধরণের দুর্ঘটনার সংখ্যা ও শঙ্কা বৃদ্ধি পাচ্ছে। এটাকে মোকাবিলা করতে হলে শুধু ফায়ার স্টেশনকে শক্তিশালী করাই যথেষ্ট নয়। পাশাপাশি জনগণকে সচেতন করে তুলতে হবে।
- বড়ো শহর ও বাজারের নিকটে যেখানে পর্যাপ্ত পানির উৎস নেই সেখানে Pocket Reservoir ও Ground Water Body তৈরি করতে হবে।
- বাসা-বাড়ি ও হোটেল-রেস্তোরাঁগুলোতে বেশির ভাগ অগ্নিকাণ্ড ঘটে গ্যাস সিলিন্ডার লিকেজের কারণে। মেয়াদ উত্তীর্ণ সিলিন্ডার যাতে ব্যবহৃত না হয় সেজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও আইন বাস্তবায়নকারী প্রতিষ্ঠানগুলোকে সক্রিয় ভূমিকা পালন করতে হবে।
- প্রতিটি ফায়ার স্টেশনকে তার আওতাধীন এলাকার স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের ছাত্র এবং তরুণদেরকে ড্রিল ও প্রশিক্ষণের মাধ্যমে দুর্যোগ মোকাবিলায় প্রশিক্ষিত করে তুলতে হবে। ইতোমধ্যে হাজারীবাগ এলাকার ৫০ জন তরুণকে দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে ফায়ার ফাইটার হিসেবে প্রশিক্ষিত করা হয়েছে।
- অংশগ্রহণকারীগণ মনে করেন যে, জনসচেতনতা বৃদ্ধির জন্য জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, ম্যাসেঞ্জার, লিংকডইন ইত্যাদিতে সচেতনতামূলক পোস্ট করা উচিত। এছাড়া তথ্য মন্ত্রণালয়ের মাধ্যমে গ্রামে, গঞ্জে, হাটে, বাজারে নাটক, নাটিকা ইত্যাদি প্রচার করে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা উচিত।

৩.১৪ প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা পর্যবেক্ষণ

প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা হিসেবে প্রকল্পের সর্বশেষ ডিপিপিতে স্পষ্ট করে সবকিছু উল্লেখ করা নাই। ডিপিপিতে উল্লিখিত টেকসই পরিকল্পনা অনুযায়ী প্রকল্প সমাপ্তের পর প্রকল্পের অধীনে নির্মিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনগুলো রাজস্বভুক্ত হয়েছে। কিন্তু প্রকল্পের ডিপিপিতে নির্মিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের সংস্কার ও মেরামত কিভাবে হবে তা স্পষ্ট করে উল্লেখ করা হয়নি। তাই অনেক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে জরুরি মেরামতের প্রয়োজন থাকলেও তা সম্পন্ন করা হচ্ছে না। ফলে এটা নির্ধারণ করা জরুরি যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন এর মেরামত গণপূর্ত অধিদপ্তর করবে কি না, যেহেতু স্টেশনের নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমেই সম্পন্ন হয়েছে। তাই দেশের জনগণকে দুর্যোগকালীন সময়ে সর্বোচ্চ সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের মাধ্যমে নির্মিত ফায়ার সার্ভিস স্টেশন ও সিভিল ডিফেন্স স্টেশনসমূহের প্রয়োজনীয় সংস্কার ও মেরামতের জন্য সুস্পষ্ট দিক-নির্দেশনা প্রদানপূর্বক আশু ব্যবস্থা গ্রহণ করা দরকার।

৩.১৫ প্রকল্পের BCR ও IRR পর্যালোচনা

প্রকল্পের ডিপিপি ও পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের শুরুতে বা শেষে কোন প্রকার BCR ও IRR করা হয়নি। তাই পরামর্শকদলের পক্ষে প্রকল্পের BCR ও IRR পর্যালোচনা করা সম্ভবপর হয় নি।

চতুর্থ অধ্যায়

প্রকল্পের সবল ও দুর্বল দিক পর্যালোচনা (SWOT Analysis)

"দেশের গুরুত্বপূর্ণ ৭৮টি (সংশোধিত ৭২টি) উপজেলা সদর/স্থানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষার অংশ হিসেবে প্রকল্পটির সবল দিক, দুর্বল দিক, সুযোগ এবং ঝুঁকি বিশ্লেষণের প্রচেষ্টা নেওয়া হয়েছে। প্রকল্পটি ২০০৬ সালে গৃহীত এবং ২০১৮ সালে সমাপ্ত হয়। প্রকল্পের শুরু হতে শেষ এবং শেষ হতে পরবর্তী ০৫ বছরের দীর্ঘ এই সময়ে কোন কোন ক্ষেত্রে সবলতা, দুর্বলতা, সুযোগ ও ঝুঁকি পরিলক্ষিত হয়েছে তা জানার জন্য গুণগত ও পরিমাণগত তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। নিচে গুণগত তথ্য তুলে ধরা হলো:

S (Strengths)	W (Weaknesses)
• ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের দ্রুত সাড়া ও সেবা প্রদান করা • জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়া • জনগণের মধ্যে নিরাপত্তাবোধ বৃদ্ধি পাওয়া • ফায়ার স্টেশনের কর্মীদের মধ্যে জনসম্পৃক্ততা বৃদ্ধি পাওয়া • ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের অবস্থান • প্রান্তিক পর্যায়ে সেবা প্রদান	• জনবলের স্বল্পতা • আধুনিক যন্ত্রপাতির অভাব • রেসকিউ সরঞ্জামাদির স্বল্পতা • স্টেশনের আয়তনের স্বল্পতা • টানা গাড়ি ও পাম্পের স্বল্পতা • স্টেশন ভবনের জীর্ণদশা • ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক লাইন • অগভীর পাম্প হাউজ • ডুবুরি সংকট • মেরামত ও নিয়মিত রক্ষণাবেক্ষণের অভাব
O (Opportunities)	**T (Threats)**
• প্রান্তিক পর্যায়ে সকল দুর্যোগ মোকাবিলার সক্ষমতা বৃদ্ধি • অগ্নি দুর্ঘটনা মোকাবিলার সরঞ্জামাদির সংস্থানসহ নতুন নতুন বহুতল বাণিজ্যিক ও আবাসিক ভবন তৈরি • স্বেচ্ছাসেবীর সংখ্যা বৃদ্ধি • ব্যবসায়-বাণিজ্য ও জীবন যাপনে নিরাপত্তা বৃদ্ধি • কর্মসংস্থান বৃদ্ধি • নিয়মিত মহড়ার ফলে এলাকায় সচেতনতা বৃদ্ধি	• উন্নত যন্ত্রপাতির অভাবে ক্ষয়-ক্ষতি বৃদ্ধির শংকা • অ্যাম্বুলেন্স না থাকা • পানির উৎসের স্বল্পতা • টানা গাড়ির স্বল্পতা • পানির স্তর নেমে যাওয়ায় পাম্পের কম কার্যকারিতা • অস্বাস্থ্যকর ব্যারাক ও রান্নাঘর

৪.১ প্রকল্পের সবল দিকসমূহ

১. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের দ্রুত সাড়া ও সেবা প্রদান করা: প্রকল্প বাস্তবায়নের ফলে ৭২টি উপজেলায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপিত হয়েছে। ফলে সংশ্লিষ্ট এলাকায় অগ্নিকান্ড, সড়ক দুর্ঘটনা, ঘূর্ণিঝড়, বন্যা, ভূমিধস, বৃক্ষ পতনে রাস্তা বন্ধ হওয়াসহ সকল প্রকার দুর্যোগ-দুর্ঘটনায় দ্রুত সাড়া দেওয়া ও সেবা প্রদান করা নিশ্চিত হয়েছে। প্রকল্প বাস্তবায়নের পূর্বে অগ্নিকান্ডের ক্ষেত্রে এলাকার জনগণ তাদের প্রচলিত পদ্ধতিতে নির্বাপনের চেষ্টা করতো ফলে বেশির ভাগ ক্ষেত্রে সম্পদের পুরোটাই ক্ষতি হতো কিন্তু বর্তমানে পূর্বের তুলনায় সম্পদ ও জীবনের ক্ষয়-ক্ষতি অনেক কমে এসেছে এবং সম্পদ রক্ষা করা সম্ভব হচ্ছে। উপজেলা পর্যায়ে প্রতি বছর নতুন নতুন রাস্তা-ঘাট তৈরি হচ্ছে। জেলা উপজেলার মধ্যে সংযোগ সড়ক এবং উপজেলার সাথে গ্রামের সংযোগ সড়ক দিন দিন উন্নত হচ্ছে ফলে ফায়ার স্টেশনগুলোর পক্ষে দুর্ঘটনা স্থলে দ্রুত পৌঁছানো এবং সেবা দান করা আরও সহজ ও সময় সাশ্রয়ী হচ্ছে।

২. জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাওয়া: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন কর্মীরা এলাকায় নিয়মিত মহড়ার কার্যক্রম পরিচালনা করে থাকেন। এর মাধ্যমে স্থানীয় জনসাধারণের মাঝে তাদের সক্রিয়তা, সক্ষমতা ও কর্মতৎপরতা সম্পর্কে আস্থা বৃদ্ধি পেয়েছে এবং তাদের বিভিন্ন ড্যামো প্রদর্শনী ও প্রশিক্ষণের মাধ্যমে জনসাধারণের সচেতনতা বৃদ্ধি পেয়েছে।

৩. জনগণের মধ্যে নিরাপত্তাবোধ বৃদ্ধি পাওয়া: স্টেশন প্রতিষ্ঠার পূর্বে জনগণের মধ্যে নিরাপত্তাবোধের অভাব ছিল বিশেষ করে অগ্নি দুর্ঘটনা ও দুর্যোগ মোকাবিলার ক্ষেত্রে। তখন অগ্নিকান্ডে ও দুর্ঘটনায় ক্ষয়-ক্ষতির পরিমাণ অনেক

বেশি হতো। বর্তমানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনটি নির্মাণের পরে জনগণের মধ্যে নিরাপত্তাবোধ অনেকাংশে বৃদ্ধি পেয়েছে।

৪. ফায়ার স্টেশনের কর্মীদের মধ্যে জনসম্পৃক্ততা বৃদ্ধি পাওয়া: ফায়ার স্টেশনের কর্মীরা জনতার সাথে ভালো আচরণ করেন এবং যে কোনো দুর্ঘটনা মোকাবিলায় তাদেরকে সম্পৃক্ত করতে পারছে এমনকি তাদের কাছ থেকে প্রয়োজনীয় সহযোগিতাও নিতে পারছে। পাশাপাশি স্থানীয় জনগণকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে আরও সচেতন করে তুলছেন। ফলে ফায়ার স্টেশন কর্মীদের কাজের সফলতার হার বৃদ্ধি পাচ্ছে।

৫. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের অবস্থান: সমীক্ষাকৃত এলাকাগুলোর বেশির ভাগ মানুষ মনে করেন যে, স্টেশনগুলোর অবস্থান উপজেলা সদরের নিকটবর্তী, সুবিধাজনক স্থানে এবং প্রধান সড়কের পাশে হওয়ায় সহজেই স্টেশনের কর্মীগণ দুর্ঘটনাস্থলে চলে যেতে পারেন।

৬. প্রান্তিক পর্যায়ে সেবা প্রদান: দেশের ৭২টি উপজেলা/শহরে নতুন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণের ফলে দেশের প্রান্তিক এলাকায় সংঘটিত অগ্নিকান্ড ও দুর্যোগে জনগণকে দ্রুত সেবা প্রদান করা সহজ হয়েছে।

৪.২ প্রকল্পের দুর্বল দিকসমূহ

১. জনবলের স্বল্পতা: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনগুলোতে জনবলের স্বল্পতা বিদ্যমান। কর্মরত কর্মকর্তাবৃন্দ মনে করেন, স্টেশনগুলোর গ্রেড উন্নয়ন করে প্রতিটি স্টেশনে অন্তত ৫০ জন কর্মীর ব্যবস্থা করা উচিত।

২. আধুনিক যন্ত্রপাতির অভাব: নির্মিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনগুলোতে বিদ্যমান যন্ত্রপাতিসমূহ পুরাতন মডেলের হওয়ায় ফায়ার সার্ভিস কর্মীদের পক্ষে সেবা প্রদানে সমস্যার সৃষ্টি হচ্ছে। বর্তমানে এ সকল ফায়ার স্টেশনে আধুনিক মডেলের যন্ত্রপাতি সরবরাহ করা উচিত।

৩. উদ্ধার সামগ্রীর (Rescue Equipment) স্বল্পতা: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনসমূহে সরঞ্জাম সরবরাহের ক্ষেত্রে অগ্নি নির্বাপক সামগ্রী ও উদ্ধার তৎপরতা পরিচালনার সামগ্রীর মধ্যে ভারসাম্য রক্ষা করা হয়নি। প্রতিটি স্টেশনেই সড়ক দুর্ঘটনাসহ অন্যান্য দুর্ঘটনার ক্ষেত্রে প্রয়োজনীয় উদ্ধার সামগ্রীর (Rescue Equipment) স্বল্পতা রয়েছে।

৪. স্টেশনের আয়তনের স্বল্পতা: প্রকল্পের আওতায় প্রতিটি স্টেশনে দুর্ঘটনা মোকাবিলার যন্ত্রপাতি ও সাজ-সরঞ্জাম সরবরাহ করা হয়েছে। বেশির ভাগ স্টেশন অফিসার জানিয়েছেন, ভবনের আকার এবং স্টোর হাউজের পরিসরের তুলনায় সরঞ্জামাদির পরিমাণ বেশি তাই সেগুলো যথাযথভাবে সংরক্ষণ করা বেশ কষ্টকর। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের কর্মকর্তাগণ মনে করেন, স্টেশনগুলোর পরিসর প্রয়োজনের তুলনায় ছোটো। পেশাগত উৎকর্ষের প্রয়োজনে এবং উত্তম সেবা নিশ্চিত করতে প্রতিটি ফায়ার ফাইটারের শারীরিকভাবে সুঠাম ও সক্ষম থাকা খুবই জরুরি। কিন্তু স্বল্প পরিসর স্টেশনগুলোতে তাদের নিয়মিত শরীর চর্চা ও খেলাধুলার জন্য পর্যাপ্ত জায়গা নেই। এছাড়াও প্রকল্পের আরেকটি অন্যতম দুর্বল দিক হলো, এতে দপ্তর ভবন ছাড়া আবাসিক ভবন অন্তর্ভুক্ত করা হয়নি। ফলে ফোর্সের জন্য সুসজ্জিত ব্যারাক এবং কর্মকর্তাদের জন্য স্বতন্ত্র বাসভবনের ব্যবস্থা নেই।

৫. টানা গাড়ি ও পাম্পের স্বল্পতা: ফায়ার সার্ভিস স্টেশনে পানির উৎসের অপ্রতুলতা, কম ধারণ ক্ষমতাসম্পন্ন পানিবাহী গাড়ির ও টানা গাড়ির অপ্রতুলতা পরিলক্ষিত হয়েছে।

৬. স্টেশন ভবনের জীর্ণ দশা: প্রকল্পটি ২০০৬ সাল হতে শুরু হয়ে ২০১৮ সালে সম্পন্ন হয়েছে। যার কারণে প্রকল্প শুরুর দিকের ভবনগুলো প্রায় ১৫ বছরের পুরনো হয়েছে। এই ভবনগুলোর মেরামত ঠিকমত না হওয়ায় বর্তমানে ভবনগুলো জীর্ণ হয়ে গেছে।

৭. ঝুঁকিপূর্ণ বৈদ্যুতিক লাইন: নির্মিত ভবনে বৈদ্যুতিক লাইন ও ফিটিংসগুলো দুর্বল হয়ে গেছে। অনেক ক্ষেত্রেই বৈদ্যুতিক ফিটিংসগুলো নষ্ট হয়ে গেছে। এছাড়াও বিদ্যমান বৈদ্যুতিক লাইনগুলো অনেক পুরোনো হওয়ায় তা ঝুঁকিপূর্ণ হয়ে আছে।

৮. অগভীর পাম্প হাউজ: ফায়ার সার্ভিস স্টেশনগুলোতে বিদ্যমান পাম্প হাউজগুলো অগভীর। ফলে এতে পর্যাপ্ত পরিমাণ পানি সংরক্ষণ করা যায় না। এতে স্টেশন কর্মীদের অগ্নিকান্ড মোকাবিলায় সমস্যার সম্মুখীন হতে হয়।

৯. ডুবুরি সংকট: নদী বা হাওড় এলাকায় বিদ্যমান ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনে উদ্ধারকারী জলযান ও ডুবুরির সংখ্যা একবারে অপ্রতুল।

১০. মেরামত ও নিয়মিত রক্ষণাবেক্ষণের অভাব: নির্মিত ভবনগুলোর অধিকাংশের নানা ধরনের ত্রটি-বিচ্যুতি রয়েছে। কোথাও ভূমি উন্নয়ন যথাযথ হয়নি, কোথাও ভবনের রং চটে গেছে, কোথাও ভবনে ফাটল তৈরি হয়েছে, কোথাও দেয়ালের এবং ছাদের পলেস্তারা খসে পড়ছে, কোথাও বাউন্ডরী ওয়াল সুরক্ষিত নয় এবং প্রায় ভঙ্গুর। এগুলো দ্রুত মেরামত ও নিয়মিত রক্ষণাবেক্ষণের অভাব পরিলক্ষিত হয়।

৪.৩ প্রকল্পের সৃষ্ট সুযোগসমূহ

১. প্রান্তিক পর্যায়ে সকল দুর্যোগ মোকাবিলার সক্ষমতা বৃদ্ধি: পর্যাপ্ত সাজ-সরঞ্জাম ও দক্ষ জনবল নিয়োগ করা হয়েছে, ফলে সকল ধরনের দুর্ঘটনা মোকাবিলার সক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

২. অগ্নি দুর্ঘটনা মোকাবিলার সরঞ্জামাদির সংস্থানসহ নতুন নতুন বহুতল বাণিজ্যিক ও আবাসিক ভবন তৈরি: দেশে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণের ফলে এলাকায় স্টেশন কর্মীদের প্রচারণার পরিমাণ বৃদ্ধি পেয়েছে। এতে এলাকায় নতুন করে নির্মিত আবাসিক ও বাণিজ্যিক ভবনে অগ্নি দুর্ঘটনা মোকাবিলা করার জন্য প্রাথমিক সরঞ্জামাদির সংস্থান থাকছে, যা ভবনগুলোতে অগ্নি দুর্ঘটনা মোকাবিলায় সহায়তা প্রদান করবে।

৩. স্বেচ্ছাসেবীর সংখ্যা বৃদ্ধি: এলাকায় নিয়মিত মহড়ার ফলে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি পেয়েছে এবং স্বেচ্ছাসেবীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে।

৪. অগ্নিনিরাপত্তা বৃদ্ধি: অগ্নিনিরাপত্তা বৃদ্ধি পাওয়ায় নতুন নতুন ব্যবসায় প্রতিষ্ঠান ও বহুতল ভবন তৈরি হচ্ছে এবং সবাই নিরাপদে ব্যবসা এবং জীবন-যাপন করছে।

৫. কর্মসংস্থানের সৃষ্টি: প্রকল্প বাস্তবায়নের ফলে ৭২টি স্টেশন স্থাপিত হয়েছে, ফলে এসব ফায়ার স্টেশনে নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

৬. নিয়মিত মহড়ার ফলে এলাকায় সচেতনতা বৃদ্ধি: ফায়ার স্টেশনের কর্মীদের স্থানীয় পর্যায়ে নিয়মিত মহড়া, ড্যামো প্রদর্শনী ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এলাকার জনগণের মাঝে দুর্যোগ মোকাবিলায় সচেতনতা বৃদ্ধি পাওয়ার সুযোগ বাড়ছে।

৪.৪ প্রকল্পের ঝুঁকিসমূহ

১. বড়ো কোনো দুর্ঘটনায় সম্পদের ক্ষয়-ক্ষতি বৃদ্ধির ঝুঁকি: উন্নত যন্ত্রপাতি ও যানবাহন না থাকায় বড়ো কোনো দুর্ঘটনায় সম্পদের ক্ষয়-ক্ষতি ও জীবনহানি বাড়তে পারে।

২. অ্যাম্বুলেন্স না থাকা: স্টেশনগুলোতে অ্যাম্বুলেন্স না থাকায় দুর্ঘটনা থেকে উদ্ধার করা আহত-নিহত ব্যক্তিদেরকে চিকিৎসা কেন্দ্রে প্রেরণ করা কষ্টকর।

৩. পানির উৎসের স্বল্পতা: কোনো কোনো স্থানে ফায়ার স্টেশনের কাছাকাছি পানির উৎস না থাকায় সম্পূর্ণ সেবা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না।

৪. টানা গাড়ির স্বল্পতা: টানা গাড়ির সংখ্যা স্বল্প হওয়ায় প্রয়োজনের সময় বেশি জনবল ও সাজ-সরঞ্জাম দুর্ঘটনাস্থলে প্রেরণ করা সম্ভব হয় না এবং পূর্ণাঙ্গ সেবা নিশ্চিত করা সম্ভব হয় না।

৫. পানির স্তর নেমে যাওয়ায় পাম্পের কম কার্যকারিতা: পানির স্তর নিচে নেমে যাওয়ায় পাম্প হাউজগুলো পর্যাপ্ত ও দ্রুত পানি উত্তোলন করতে পারছে না। ফলে পানি সংগ্রহ করতে দীর্ঘ সময় লাগছে।

৬. অস্বাস্থ্যকর ব্যারাক ও রান্নাঘর: সৈনিকদের থাকার ব্যারাক এবং রান্নাঘর খুবই ঝুঁকিপূর্ণ, অস্বাস্থ্যকর এবং অপ্রতুল, দ্রুত মেরামত দরকার।

পঞ্চম অধ্যায়

প্রকল্পের সার্বিক দিক পর্যবেক্ষণ ও পর্যালোচনা

৫.১. প্রকল্পের সম্ভাব্যতা যাচাই না করা: প্রকল্প গ্রহণের বা প্রকল্প কার্যক্রম শুরুর পূর্বে প্রকল্পের অধীনে কোনো সম্ভাব্যতা যাচাই বা কোনো প্রারম্ভিক সমীক্ষা করা হয়নি। যদিও প্রকল্পটি ২০০৬ সালে শুরু হয় এবং উক্ত সময়ে এধরণের প্রকল্প শুরুর আগে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই করার বিধান ছিল না। তাই প্রকল্পটির সম্ভাব্যতা যাচাই না করার ফলে প্রকল্প শুরুর পরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণে সমস্যার সৃষ্টি হয়। যার ফলে প্রকল্পের প্রথম সংশোধনীতে কিছু স্থান বাদ দেওয়া হয় এবং দ্বিতীয় সংশোধনীতে আরও কিছু স্থান (১০টি) বাদ দেওয়া হয় (প্রতিবেদনের ১.৩ অনুচ্ছেদ)।

৫.২. প্রকল্পের আর্থিক পরিকল্পনা ও বাস্তবায়ন: প্রকল্পের অধীনে প্রকল্প ব্যয়ের লক্ষ্যমাত্রা ও এডিপি থেকে প্রাপ্ত বরাদ্দের পরিমাণের মধ্যে সামঞ্জস্য ছিল। সেখানে উল্লেখযোগ্য কোনো ব্যত্যয় পরিলক্ষিত হয়নি। অপরদিকে প্রকল্পের এডিপি বরাদ্দের বিপরীতে অর্থ ছাড়ের মধ্যেও সামঞ্জস্যতা পরিলক্ষিত হয়। সেখানেও উল্লেখযোগ্য কোনো ব্যত্যয় ছিল না। সবশেষে প্রকল্পের বরাদ্দ অনুযায়ী ছাড়কৃত অর্থের ব্যয়ের ক্ষেত্রে শেষ অর্থবছর ছাড়া আর কোনো অর্থবছরে উল্লেখযোগ্য কোনো ব্যত্যয় ছিল না। এক কথায় বলা যায় যে, প্রকল্পের আর্থিক পরিকল্পনা ও বাস্তবায়ন অত্যন্ত সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে (প্রতিবেদনের ৩.২ অনুচ্ছেদ)।

৫.৩. প্রকল্পের বাস্তব অবস্থা পর্যবেক্ষণ: প্রকল্প সমাপ্তের পর প্রকল্প সমাপ্তি প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের প্রায় সকল অঙ্গের কার্যক্রম সুসম্পন্ন হয়েছে (১০০%)। তবে প্রকল্পের অধীনে ফায়ার স্টেশনের অফিসারের বাসভবন, ব্যারাকসহ মূল ভবন, খাবার ঘরসহ রান্নাঘর, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, পানি সরবরাহ ব্যবস্থা, বিদ্যুৎ সুবিধা, গ্যাস সংযোগ, রাস্তা, ড্রেন, সীমানা প্রাচীর, ফ্ল্যাগ স্ট্যান্ড ও জ্বালানি শেড নির্মাণ কাজ ৯৮.৬২% সম্পন্ন হয়েছে (প্রতিবেদনের ৩.১ অনুচ্ছেদের সারণি ৩.২)।

৫.৪. প্রকল্পের ক্রয় কার্যক্রম: প্রকল্পের আওতায় যেসকল ক্রয় কার্যক্রম সম্পন্ন হয়েছে সেগুলোর মধ্যে পণ্য ক্রয়ের তথ্য প্রকল্প অফিস থেকে সংগ্রহ করা সম্ভব হয়েছে। সেগুলো পর্যবেক্ষণ করে দেখা যায় যে, প্রকল্পের অধীনে পণ্য সমূহ ডিপিপিতে উল্লিখিত পরিকল্পনা অনুযায়ী ক্রয় করা হয়েছে। এখানে কোনো প্রকার ব্যত্যয় পরিলক্ষিত হয়নি (প্রতিবেদনের ৩.৪ অনুচ্ছেদ)।

৫.৫. প্রকল্পের উদ্দেশ্য অর্জন: প্রকল্পের ডিপিপিতে উল্লিখিত লজিক্যাল ফ্রেমওয়ার্ক পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের লক্ষ্য ছিল দেশের প্রত্যেক নাগরিক এর জন্য ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সেবা নিশ্চিত করা। এ লক্ষ্য অর্জনের জন্য প্রকল্পের কার্যক্রম পরিচালিত হয়। বর্তমানে প্রকল্প এলাকায় বসবাসকারীদের কাছ থেকে সংগৃহীত তথ্যে দেখা যায় যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনটি গড়ে ২৪.৮৫ কি.মি. দূর পর্যন্ত দেশের নাগরিকদের সেবা প্রদান করছে। যার মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্যও সফলভাবে বাস্তবায়িত হচ্ছে (প্রতিবেদনের ৩.৫ অনুচ্ছেদ)।

৫.৬. নতুন করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ: প্রকল্পের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণের কাছে সেবা পৌঁছে দেবার লক্ষ্যে মোট ৭২টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মিত হয়েছে। এর মাধ্যমে দুর্যোগের ফলে দেশের জনগণের জানমালের ক্ষতি কমানো সম্ভব হচ্ছে। এরপরও দেশের যেসকল উপজেলা/শহরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নেই সেখানে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণ করলে দেশের জনগণ বিশেষ করে সেসব এলাকার জনগণকে দুর্যোগে সেবা প্রদান করা নিশ্চিত হবে (প্রতিবেদনের ৩.৫ অনুচ্ছেদ)।

৫.৭. নির্মিত ভবন সম্পর্কিত পর্যালোচনা: প্রকল্পের অধীনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনগুলোর নির্মাণ কাজ ২০০৬ সালের পর থেকে শুরু হয়েছে এবং ২০১৭-২০১৮ অর্থবছরে শেষ হয়েছে। অর্থাৎ প্রকল্প সমাপ্তের পর পাঁচ বছর অতিবাহিত হচ্ছে। কোনো কোনো স্টেশন ১২-১৩ বছর পূর্বে নির্মিত হয়েছে। ফলে এসকল পুরনো ভবনগুলোর বর্তমান অবস্থা ভালো নাই। এগুলোর রং, প্লাস্টার, দরজা, জানালা, পানির লাইন, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, সীমানা প্রাচীর প্রভৃতিতে সমস্যা পরিলক্ষিত হয়েছে। স্টেশনের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে সাক্ষাৎকারে জানা যায় যে, ভবনটিতে নির্মাণের পর কোনো প্রকার সংস্কার করা হয়নি (প্রতিবেদনের ৩.১১ অনুচ্ছেদ)।

৫.৮. স্টেশনের মূল ভবনের পাশে জায়গার স্বল্পতা: ফায়ার সার্ভিসের কর্মীদেরকে তাদের দায়িত্ব পালনের জন্য শারীরিকভাবে অত্যন্ত সুঠাম থাকতে হয়। সেজন্য নিয়মিত প্রশিক্ষণ, শরীর চর্চা ও হাঁটা-চলার জন্য প্রশস্ত Walk Way এর প্রয়োজন। কিন্তু বেশিরভাগ স্টেশনে এ সুবিধা নেই (প্রতিবেদনের ৩.১৩.৪ অনুচ্ছেদ)।

৫.৯. সরঞ্জামাদি সম্পর্কিত পর্যালোচনা: প্রতিটি স্টেশনে অগ্নি নির্বাপন ও দুর্যোগ মোকাবিলার জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ করা হয়েছে প্রকল্পের অধীনে। এসকল সরঞ্জামের মধ্যে অগ্নি নির্বাপন সামগ্রীর সংখ্যা বেশি। কেননা দেশের মধ্যে

জনবসতি বৃদ্ধি পাওয়ার ফলে অগ্নিকান্ডের ঘটনা বেশি ঘটে, পাশাপাশি সড়ক দুর্ঘটনাও বেশি পরিমাণে ঘটে থাকে। তাই এ সকল কাজে ব্যবহৃত সরঞ্জাম স্টেশনে বেশি পরিমাণে থাকে (প্রতিবেদনের ৩.১৩.২ অনুচ্ছেদ)।

৫.১০. সরঞ্জামাদির গুণগত মান পর্যালোচনা: প্রকল্পের আওতায় স্টেশনে সরবরাহকৃত সরঞ্জামাদির গুণগত মান বর্তমানে অনেকটাই কমে গেছে। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো: সরবারহকৃত পানিবাহী গাড়ীর ধারণক্ষমতা কম, স্টেশনগুলোতে টানাগাড়ির সংখ্যা কম, হোস পাইপ সহ অন্যান্য যন্ত্রপাতির মেরামত প্রয়োজন প্রভৃতি। যেহেতু প্রকল্পের মাধ্যমে এসকল যন্ত্রপাতির মেরামত করা যায়নি ফলে এগুলোর কার্যকারিতা দিন দিন কমেই যাচ্ছে। ফলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের লোকদের কাজ সম্পাদনে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। ফায়ার স্টেশনগুলোতে সরবরাহকৃত সরঞ্জামাদির মেরামত ও নতুনভাবে আধুনিক সরঞ্জামাদি ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পাশাপাশি সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য অন্তত বিভাগীয় পর্যায়ে টেকনিক্যাল জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করলে তা স্টেশনের উন্নয়নকে ত্বরান্বিত করবে (প্রতিবেদনের ৩.১৩.২ নং অনুচ্ছেদ)।

৫.১১. জানমালের নিরাপত্তা বৃদ্ধি: প্রকল্পের কার্যক্রম সম্পন্ন হওয়ার ফলে দেশের ৭২টি স্থানে নতুন করে ৭২টি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মিত হয়েছে। যার ফলে এসকল এলাকায় অগ্নিকান্ড ও অন্যান্য দুর্যোগের কারণে জনগণের জানমালের ক্ষতির পরিমাণ হ্রাস পাচ্ছে। এর পাশাপাশি এসকল এলাকার জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে তাদের জানমালের নিরাপত্তা বৃদ্ধি পাচ্ছে (প্রতিবেদনের ৩.১৩.১ অনুচ্ছেদ)।

৫.১২. স্থানীয় পর্যায়ে তরুণ সমাজের অবদান: স্থানীয় পর্যায়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণের ফলে সেসকল এলাকায় বসবাসকারী তরুণ সমাজ দুর্যোগ মোকাবিলায় করণীয় সম্পর্কে অবগত হচ্ছেন স্টেশনের কর্মীদের কাছ থেকে প্রশিক্ষণ লাভের মাধ্যমে। যার ফলে ঐসকল এলাকায় দুর্যোগের সময় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের পাশাপাশি তারাও জনগণকে সেবা প্রদান করছে (প্রতিবেদনের ৩.১৪.৪ অনুচ্ছেদ)।

৫.১৩. গ্রামীণ/প্রান্তিক পর্যায়ে যোগাযোগের রাস্তা অপ্রতুল: দেশের গ্রামীণ/প্রান্তিক পর্যায়ে যোগাযোগের রাস্তা কম বা থাকলেও তা অনেক সরু। যার ফলে দুর্যোগের সময় সেসকল স্থানে ফায়ার সার্ভিসের পানির ট্যাংকবাহী গাড়ি নিয়ে পৌঁছানো সম্ভব হয় না। ফলে ঐসকল এলাকায় ক্ষয়-ক্ষতির পরিমাণও বৃদ্ধি পায়। তাই দেশের গ্রামীণ/প্রান্তিক পর্যায়ের যোগাযোগের রাস্তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রশস্ত করে নির্মাণের ব্যবস্থা করলে দেশের সর্বত্রই ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সেবা পৌঁছে দেওয়া সম্ভব হবে (প্রতিবেদনের ৩.১২ অনুচ্ছেদ)।

৫.১৪. ফায়ার সার্ভিসের কল সেবা: দেশের যেকোন জায়গায় অগ্নিকান্ড হলে বা যেকোনো দুর্যোগ হলে সেখান থেকে মোবাইলের মাধ্যমে ফায়ার সার্ভিসকে ডাকা সহজতর করার জন্য ফায়ার সার্ভিসের হটলাইন নম্বর ৯৯৯ ও ১৬১৬৩ জনগণের মধ্যে লিফলেট ও স্টিকারের মাধ্যমে প্রচার করা হয়। ফলে দেশের জনগণকে সেবা প্রদান করা আরও সহজতর হয়েছে (প্রতিবেদনের ৩.১৩.১ অনুচ্ছেদ)।

৫.১৫. জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করা: অগ্নিকান্ড ও দুর্যোগে দিশেহারা না হয়ে শান্তভাবে এর মোকাবিলা করলে এর থেকে ক্ষতির পরিমাণ অনেক কমে যায়। এর জন্য দরকার জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা। জনসাধারণের সামনে ডেমো ডিসপ্লে প্রদর্শন করে, তাদেরকে প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা যেতে পারে। এছাড়াও জনসচেনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন শ্রেণির শিক্ষা কারিকুলামে অগ্নি নির্বাপন, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে যাতে করে শিক্ষার্থীরা সহজে এসব বিষয়ে জানতে পারে (প্রতিবেদনের ৩.১৩ অনুচ্ছেদ)।

৫.১৬. নদী এলাকায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির যোগান দেওয়া: প্রকল্পের অধীনে নদী এলাকার জন্য বিশেষ স্টেশন নির্মাণ করা হলেও সেখানে নদীপথে চলাচল ও উদ্ধার তৎপরতা পরিচালনার জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদির অভাব রয়েছে। এসকল স্টেশনের জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদির সরবরাহ করা অত্যন্ত প্রয়োজন (প্রতিবেদনের ৩.১৩.১. অনুচ্ছেদ)।

৫.১৭. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনগলোকে এ-শ্রেণিতে উন্নীতকরণ: এই প্রকল্পের মাধ্যমে নির্মিত ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনগুলোর মধ্যে যেগুলো এ-শেণিভুক্ত নয় সেগুলোকে মেরামত ও উন্নয়নের মাধ্যমে পরবর্তীতে এ-শ্রেণিতে উন্নীত করার ব্যবস্থা গ্রহণ করা অত্যন্ত জরুরী। ফলে এসকল স্টেশনের মাধ্যমে আরও বেশি সেবা জনগণকে প্রদান করা সম্ভবপর হবে (প্রতিবেদনের ৩.১৩ নং অনুচ্ছেদ)।

৫.১৮. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের কর্মীদের জন্য উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের কর্মীদের আরও দক্ষ করে গড়ে তোলার জন্য জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা দরকার। পাশাপাশি ফায়ার স্টেশন কর্মীদের অভিজ্ঞ বাড়াতে আন্তর্জাতিক পর্যায়ে এক্সচেঞ্জ প্রোগ্রামের মত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এছাড়া ফায়ার স্টেশন কর্মীদেরকর্তৃক প্রদানকৃত সেবার মান বৃদ্ধির জন্য প্রতিটি ফায়ার সার্ভিস ও ডিভিল ডিফেন্স স্টেশনে নিয়মিত মহড়ার ব্যবস্থা চালু করা অত্যন্ত জরুরী (প্রতিবেদনের ৩.১৩ অনুচ্ছেদ)।

ষষ্ঠ অধ্যায়

সুপারিশমালা ও উপসংহার

৬.১. সুপারিশমালা

নির্মিত ভবন সম্পর্কিত সুপারিশ

- দেশের প্রান্তিক এলাকায় বা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নেই এমন উপজেলাতে নতুন করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে (প্রতিবেদনের পঞ্চম অধ্যায়ের ৫.৬. অনুচ্ছেদ);
- নির্মিত ভবনের অনেকগুলোর গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সংস্কার ও মেরামতের উদ্যোগ করা প্রয়োজন (প্রতিবেদনের ৩.১৪ অনুচ্ছেদ);
- স্টেশনের সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণের স্থানের সংকট দূরীকরণের বৃহৎ পরিসরের স্টোর হাউজ নির্মাণের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন (প্রতিবেদনের ৩.১৩.৪ অনুচ্ছেদ);
- স্টেশনের কর্মকর্তা ও কর্মী বাহিনীর জন্য কোন স্বতন্ত্র বাসভবন ও ব্যারাক না থাকায় তাদের জন্য নতুন ও স্বতন্ত্র বাসভবন ও ব্যারাক নির্মাণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন (প্রতিবেদনের পঞ্চম অধ্যায়ের ৫.৩. নং);
- স্টেশনগুলোর মান উন্নয়নের মাধ্যমে পর্যায়ক্রমে সকল স্টেশনকে এ-শ্রেণিতে উন্নীতকরণের উদ্যোগ গ্রহণ করা দরকার (প্রতিবেদনের পঞ্চম অধ্যায়ের ৫.১৭. নং);
- প্রতিটি স্টেশনের পরিসর বৃদ্ধি করে প্রশিক্ষণ গ্রাউন্ড, খেলাধুলার জায়গা এবং ওয়াকওয়ে তৈরির ব্যবস্থা গ্রহণ করা দরকার (প্রতিবেদনের পঞ্চম অধ্যায়ের ৫.৮. অনুচ্ছেদ)।

সরবরাহকৃত সরঞ্জাম সম্পর্কিত সুপারিশ

- স্টেশনগলোতে নতুন ও উন্নতমানের সরঞ্জাম সরবারহ এবং পুরাতন সরঞ্জামগুলোর মেরামতের জন্য আর্থিক বরাদ্দ এবং বিভাগীয় টেকনিক্যাল জনবল নিয়োগের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন (প্রতিবেদনের পঞ্চম অধ্যায়ের ৫.১০. নং);
- প্রতিটি স্টেশনে অ্যাম্বুলেন্স, অধিক পরিমাণ পানি ধারণক্ষমতা সম্পন্ন পানিবাহী গাড়ী, একাধিক টানা গাড়ী, এবং একাধিক পাম্প সরবারহের উদ্যোগ নেওয়া দরকার (প্রতিবেদনের পঞ্চম অধ্যায়ের ৫.১০. নং);
- নদীবহুল এলাকার স্টেশনগুলোর জন্য নদীপথে যাতায়াত এবং উদ্ধার তৎপরতা পরিচালনার জন্য উপকরণ সরবারহ করার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন (প্রতিবেদনের পঞ্চম অধ্যায়ের ৫.১৬. নং);

